গ. DERQ ট্রাপিজিয়ামের কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে F ও G হলে, ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $FG \parallel DE \parallel QR$ এবং $FG = \frac{1}{2}(QR - DE)$. ৪

২০ নং প্রশ্নের সমাধান

ক



ΔPDE-এ $\overrightarrow{PD} + \overrightarrow{DE} = \overrightarrow{PE}$ [ত্রিভুজবিধি]

$= \frac{1}{2}\overrightarrow{PR}$ [যেহেতু, E, PR এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{PD} + \overrightarrow{DE} = \frac{1}{2}\overrightarrow{PR}$. **(Ans.)**

খ মনে করি, PQR ত্রিভুজের PQ ও PR বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E। D, E যোগ করা হলো দেখাতে হবে যে, $DE \parallel QR$ এবং $DE = \frac{1}{2}QR$



প্রমাণ: D ও E যথাক্রমে PQ ও PR এর মধ্যবিন্দু।

$\therefore \overrightarrow{DQ} = \overrightarrow{PD} = \frac{1}{2}\overrightarrow{PQ}$ এবং $\overrightarrow{PE} = \overrightarrow{ER} = \frac{1}{2}\overrightarrow{PR}$

ΔPQR -এ ত্রিভুজ বিধি অনুসারে পাই,

$\overrightarrow{PQ} + \overrightarrow{QR} = \overrightarrow{PR}$

$\therefore \overrightarrow{QR} = \overrightarrow{PR} - \overrightarrow{PQ}$ .... (i)

এবং ΔPDE এ ত্রিভুজবিধি অনুসারে পাই, $\overrightarrow{PD} + \overrightarrow{DE} = \overrightarrow{PE}$

$\therefore \overrightarrow{DE} = \overrightarrow{PE} - \overrightarrow{PD}$

$= \frac{1}{2}\overrightarrow{PR} - \frac{1}{2}\overrightarrow{PQ}$ $[\because \overrightarrow{PE} = \frac{1}{2}\overrightarrow{PR}$ এবং $\overrightarrow{PD} = \frac{1}{2}\overrightarrow{PQ}]$

$= \frac{1}{2}(\overrightarrow{PR} - \overrightarrow{PQ}) = \frac{1}{2}\overrightarrow{QR}$ [(i) হতে]

$\therefore |\overrightarrow{DE}| = \frac{1}{2}|\overrightarrow{QR}|$

$\therefore DE = \frac{1}{2}QR$ এবং $\overrightarrow{DE}$ ও $\overrightarrow{QR}$ এর ধারক রেখা একই অথবা সমান্তরাল।

কিন্তু DE এবং QR ভিন্ন ভিন্ন রেখা হওয়ায় DE || QR হবে।

$\therefore DE \parallel QR$ এবং $DE = \frac{1}{2}QR$. **(প্রমাণিত)**

গ



মনে করি, DERQ ট্রাপিজিয়ামের DE || QR এবং QE ও DR কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে F ও G। F ও G যোগ করি।

প্রমাণ করতে হবে যে, FG || DE || QR এবং $FG = \frac{1}{2}(QR - DE)$

প্রমাণ: মনে করি, কোনো ভেক্টর মধ্যবিন্দুর সাপেক্ষে D, E, Q ও R এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{d}$, $\underline{e}$, $\underline{q}$ ও $\underline{r}$

$\overrightarrow{DE} = \underline{e} - \underline{d}$

$\overrightarrow{QR} = \underline{r} - \underline{q}$

$\therefore$ F বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{e} + \underline{q})$ [$\because$ F, QE এর মধ্যবিন্দু]

এবং G বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{r} + \underline{d})$ [$\because$ G, DR এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{FG} = \frac{1}{2}(\underline{r} + \underline{d}) - \frac{1}{2}(\underline{e} + \underline{q})$

$= \frac{1}{2}(\underline{r} + \underline{d} - \underline{e} - \underline{q}) = \frac{1}{2}\{(\underline{r} - \underline{q}) - (\underline{e} - \underline{d})\}$

$\therefore \overrightarrow{FG} = \frac{1}{2}(\overrightarrow{QR} - \overrightarrow{DE})$

DE || QR হওয়ায় $(\overrightarrow{QR} - \overrightarrow{DE})$ ভেক্টরটি $\overrightarrow{DE}$ ও $\overrightarrow{QR}$ ভেক্টরের সমান্তরাল হবে। তাহলে $\overrightarrow{FG}$ ভেক্টরটি, $\overrightarrow{DE}$ ও $\overrightarrow{QR}$ ভেক্টরদ্বয়ের সমান্তরাল হবে।

আবার, $\overrightarrow{FG} = \frac{1}{2}(\overrightarrow{QR} - \overrightarrow{DE})$

$\therefore |\overrightarrow{FG}| = \frac{1}{2}|(\overrightarrow{QR} - \overrightarrow{DE})| = \frac{1}{2}(|\overrightarrow{QR}| - |\overrightarrow{DE}|)$

$\therefore FG = \frac{1}{2}(QR - DE)$

অর্থাৎ FG || DE || QR এবং $FG = \frac{1}{2}(QR - DE)$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶২১ একটি চতুর্ভুজের শীর্ষবিন্দুসমূহ A(1, 1), B(4, 4), C(4, 8) এবং D(1, 5)

[মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল]

ক. (5, 3) ও (2, – 2) বিন্দু দিয়ে গমনকারী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২

খ. দেখাও যে, ABCD একটি সামান্তরিক। ইহার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ABCD চতুর্ভুজের বাহুগুলির মধ্যবিন্দু P, Q, R, S হলে ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQRS একটি সামান্তরিক। ৪

২১ নং প্রশ্নের সমাধান

ক (5, 3) ও (2, –2) বিন্দুগামী সরলরেখার সমীকরণ:

$\frac{x - 5}{5 - 2} = \frac{y - 3}{3 + 2}$

বা, $\frac{x - 5}{3} = \frac{y - 3}{5}$

বা, $5x - 25 = 3y - 9$

বা, $5x - 25 - 3y + 9 = 0$

$\therefore$ $5x - 3y - 16 = 0$ **(Ans.)**

খ চতুর্ভুজ ABCD এর



AB বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(4 - 1)^2 + (4 - 1)^2}$

$= \sqrt{9 + 9}$

$= \sqrt{18}$

BC বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(4 - 4)^2 + (8 - 4)^2}$

$= \sqrt{0 + 16} = 4$

CD বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(4 - 1)^2 + (8 - 5)^2}$

$= \sqrt{9 + 9} = \sqrt{18}$

AD বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(1 - 1)^2 + (5 - 1)^2} = \sqrt{0 + 16} = 4$

চতুর্ভুজের বিপরীত বাহু, AB = CD এবং BC = AD

$\therefore$ ABCD একটি আয়ত বা সামান্তরিক।

এখন, কর্ণ, $AC = \sqrt{(4 - 1)^2 + (8 - 1)^2} = \sqrt{9 + 49} = \sqrt{58}$

কর্ণ, $BD = \sqrt{(4 - 1)^2 + (4 - 5)^2} = \sqrt{9 + 1} = \sqrt{10}$

এখানে, কর্ণ AC $\neq$ কর্ণ BD

$\therefore$ চতুর্ভুজ ABCD একটি সামান্তরিক। **(দেখানো হলো)**

ABCD সামান্তরিকের ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} 1 & 4 & 4 & 1 & 1 \\ 1 & 4 & 8 & 5 & 1 \end{vmatrix}$ একক

$= \frac{1}{2}(4 + 32 + 20 + 1 - 4 - 16 - 8 - 5)$ বর্গ একক

$= \frac{1}{2} \times 24$ বর্গ একক

$= 12$ বর্গ একক **(Ans.)**

গ মাধ্যমিক উচ্চতর গণিত পাঠ্যবই এর অনুশীলনী-১২ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৫

প্রশ্ন ▶২২ ΔABC এর BC, CA ও AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, E ও F

[পাবনা ক্যাডেট কলেজ, পাবনা]

ক. ভেক্টরের ত্রিভুজবিধি বর্ণনা কর। ২

খ. প্রমাণ কর যে, $\overrightarrow{AD}$, $\overrightarrow{BE}$ এবং $\overrightarrow{CF}$ সাম্যাবস্থায় আছে। ৪

গ. প্রমাণ কর যে, $FE = \frac{1}{2}BC$ এবং FE || BC ৪

২২ নং প্রশ্নের সমাধান

ক কোনো $\underline{u}$ ভেক্টরের প্রান্তবিন্দু থেকে অপর একটি ভেক্টর $\underline{v}$ আঁকা হলে $\underline{u} + \underline{v}$ দ্বারা এরূপ ভেক্টর বুঝায় যার আদিবিন্দু $\underline{u}$ এর আদিবিন্দু এবং যার প্রান্তবিন্দু $\underline{v}$ এর প্রান্তবিন্দু।

খ $\overrightarrow{AD}$, $\overrightarrow{BE}$ ও $\overrightarrow{CF}$ সাম্যাবস্থায় থাকলে,



$\overrightarrow{AD} + \overrightarrow{BE} + \overrightarrow{CF} = \underline{0}$

ΔABD-এ ত্রিভুজ সূত্র হতে পাই,

$\overrightarrow{AD} = \overrightarrow{AB} + \overrightarrow{BD}$

$\therefore \overrightarrow{AD} = \overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC}$ .... (i)

[D, BC এর মধ্যবিন্দু বলে $\overrightarrow{BD} = \frac{1}{2}\overrightarrow{BC}$]

ΔACF-এ $\overrightarrow{AF} = \overrightarrow{AC} + \overrightarrow{CF}$

$\therefore \overrightarrow{CF} = \overrightarrow{AF} - \overrightarrow{AC}$ $[\overrightarrow{AC} = -\overrightarrow{CA}]$

$\therefore \overrightarrow{CF} = \frac{1}{2}\overrightarrow{AB} - \overrightarrow{AC}$ .... (ii)

[F, AB এর মধ্য বিন্দু বলে $\overrightarrow{AF} = \frac{1}{2}\overrightarrow{AB}$]

এবং ΔABE-এ $\overrightarrow{AE} = \overrightarrow{AB} + \overrightarrow{BE}$

বা, $\overrightarrow{BE} = \overrightarrow{AE} - \overrightarrow{AB}$

$\therefore \overrightarrow{BE} = \frac{1}{2}\overrightarrow{AC} - \overrightarrow{AB}$ .... (iii)

[E, AC এর মধ্যবিন্দু বলে $AE = \frac{1}{2} AC$]

এখন, (i), (ii) ও (iii) নং সমীকরণ যোগ করে পাই,

$\overrightarrow{AD} + \overrightarrow{CF} + \overrightarrow{BE} = \overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC} + \frac{1}{2}\overrightarrow{AB} - \overrightarrow{AC} + \frac{1}{2}\overrightarrow{AC} - \overrightarrow{AB}$

বা, $\overrightarrow{AD} + \overrightarrow{BE} + \overrightarrow{CF} = \frac{1}{2}\overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC} - \frac{1}{2}\overrightarrow{AC}$

$= \frac{1}{2}(\overrightarrow{AB} + \overrightarrow{BC}) - \frac{1}{2}\overrightarrow{AC} = \frac{1}{2}\overrightarrow{AC} - \frac{1}{2}\overrightarrow{AC} = \underline{0}$

$\therefore \overrightarrow{AD} + \overrightarrow{BE} + \overrightarrow{CF} = \underline{0}$

$\therefore$ $\overrightarrow{AD}, \overrightarrow{BE}$ এবং $\overrightarrow{CF}$ সাম্যাবস্থায় আছে। **(প্রমাণিত)**

গ সৃজনশীল ১৪(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩০

প্রশ্ন ▶ ২৩



ΔOAB-এ মূলবিন্দু O এর সাপেক্ষে A ও B এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}$ ও $\underline{b}$ এবং OA ও OB বাহুর মধ্যবিন্দু D ও C এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{d}$ ও $\underline{c}$।

[রংপুর ক্যাডেট কলেজ, রংপুর]

ক. $\overrightarrow{AB}$ কে $\underline{a}$ ও $\underline{b}$ এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $\underline{a} + \underline{b} - 2(\underline{d} + \underline{c}) = 0$ ৪

গ. যদি ABCD চতুর্ভুজের কর্ণ AC ও BD এর মধ্যবিন্দু যথাক্রমে P ও Q হয় তাহলে প্রমাণ কর যে, PQ || AB || DC এবং $PQ = \frac{1}{2}(AB - DC)$ ৪

২৩ নং প্রশ্নের সমাধান

ক ΔOAB এ মূলবিন্দু O এর সাপেক্ষে A ও B বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}$ ও $\underline{b}$.



অর্থাৎ $\overrightarrow{OA} = \underline{a}$ এবং $\overrightarrow{OB} = \underline{b}$

ত্রিভুজ বিধি অনুসারে পাই,

$\overrightarrow{OA} + \overrightarrow{AB} = \overrightarrow{OB}$

বা, $\overrightarrow{AB} = \overrightarrow{OB} - \overrightarrow{OA}$

$\therefore \overrightarrow{AB} = \underline{b} - \underline{a}$ **(Ans.)**

খ মূলবিন্দু O এর সাপেক্ষে A, B, C ও D বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}, \underline{b}, \underline{c}$ ও $\underline{d}$



অর্থাৎ, $\overrightarrow{OA} = \underline{a}, \overrightarrow{OB} = \underline{b}$

$\overrightarrow{OC} = \underline{c}$ এবং $\overrightarrow{OD} = \underline{d}$.

আবার, ΔOAB এ OA এবং OB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও C.

সুতরাং $\overrightarrow{OA} = 2\overrightarrow{OD}$ এবং $\overrightarrow{OB} = 2\overrightarrow{OC}$

$\therefore \underline{a} = 2\underline{d}$ $\quad \therefore \underline{b} = 2\underline{c}$

$\therefore \underline{a} + \underline{b} = 2(\underline{d} + \underline{c})$

$\therefore \underline{a} + \underline{b} - 2(\underline{d} + \underline{c}) = \underline{0}$ **(দেখানো হলো)**

গ



মনে করি, ABCD ট্রাপিজিয়ামের AB ও DC সমান্তরাল বাহু এবং DB ও AC কর্ণের মধ্যবিন্দু P ও Q। প্রমাণ করতে হবে যে, PQ || DC || AB এবং $PQ = \frac{1}{2}(AB - DC)$

ধরি, মূলবিন্দুর সাপেক্ষে B, A, C, D বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{b}, \underline{a}, \underline{c}$ ও $\underline{d}$

$\therefore \overrightarrow{AB} = \underline{b} - \underline{a}$ এবং $\overrightarrow{DC} = \underline{c} - \underline{d}$

এখন P বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{a} + \underline{c})$

এবং Q বিন্দুর অবস্থান ভেক্টর $\frac{1}{2}(\underline{a} + \underline{d})$

$\therefore \overrightarrow{PQ} = \frac{1}{2}(\underline{b} + \underline{d}) - \frac{1}{2}(\underline{a} + \underline{c})$

$= \frac{1}{2}(\underline{b} + \underline{d} - \underline{a} - \underline{c})$

$= \frac{1}{2}\{(\underline{b} - \underline{a}) - (\underline{c} - \underline{d})\}$

$= \frac{1}{2}(\overrightarrow{AB} - \overrightarrow{DC})$

$\therefore$ $\overrightarrow{AB}$ ও $\overrightarrow{CD}$ সমান্তরাল কিন্তু বিপরীতমুখী

$\therefore |\overrightarrow{PQ}| = \frac{1}{2}(|\overrightarrow{AB}| - |\overrightarrow{DC}|)$

বা, $PQ = \frac{1}{2}(AB - DC)$

$\therefore$ PQ, DC ও AB সমান্তরাল।

অর্থাৎ, PQ || DC || AB

$\therefore PQ = \frac{1}{2}(AB - DC)$ এবং PQ || DC || AB **(প্রমাণিত)**

প্রশ্ন ▶ ২৪



[ফেনী গার্লস ক্যাডেট কলেজ, ফেনী]

ΔABC এর BC, CA ও AB বাহুর মধ্যমা যথাক্রমে AD, BE ও CF।

ক. প্রমাণ কর যে, $\overrightarrow{AD} + \overrightarrow{BE} + \overrightarrow{CF} = \underline{0}$ ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, FE || BC এবং $FE = \frac{1}{2} BC$ ৪

গ. যদি ট্রাপিজিয়াম BCEF এ BE ও CF এর মধ্যবিন্দু যথাক্রমে M ও N হয় তবে ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, MN || FE || BC. ৪

২৪ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ২২(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩৪

খ সৃজনশীল ১৪(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩০

M মনে করি, BCEF ট্রাপিজিয়ামের FE || BC এবং CF ও BE কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে N ও M। M, N যোগ করি।



প্রমাণ করতে হবে যে, MN || FE || BC.

প্রমাণ: মনে করি, কোনো ভেক্টর মূলবিন্দুর সাপেক্ষে B, C, E, F এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{b}, \underline{c}, \underline{e}, \underline{f}$.

$\overrightarrow{BC} = \underline{c} - \underline{b}$

$\overrightarrow{FE} = \underline{e} - \underline{f}$

$\therefore$ M বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{b} + \underline{e})$ [$\because$ M, BE এর মধ্যবিন্দু]

এবং N বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{c} + \underline{f})$ [$\because$ N, CF এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{MN} = \frac{1}{2}(\underline{c} + \underline{f}) - \frac{1}{2}(\underline{b} + \underline{e}) = \frac{1}{2}(\underline{c} + \underline{f} - \underline{b} - \underline{e})$

$= \frac{1}{2}\{(\underline{c} - \underline{b}) - (\underline{e} - \underline{f})\} = \frac{1}{2}(\overrightarrow{BC} - \overrightarrow{FE})$

FE || BC হওয়ায় $\overrightarrow{BC} - \overrightarrow{FE}$ ভেক্টরটিও $\overrightarrow{BC}$ ও $\overrightarrow{FE}$ ভেক্টরের সমান্তরাল হবে, তাহলে $\overrightarrow{MN}$ ভেক্টরটিও $\overrightarrow{BC}$ ও $\overrightarrow{FE}$ এর সমান্তরাল হবে।

অর্থাৎ MN || FE || BC **(প্রমাণিত)**

প্রশ্ন ▶২৫



PQRS চতুর্ভুজে A, B, C ও D বাহুগুলোর মধ্যবিন্দু। *[সিলেট ক্যাডেট কলেজ, সিলেট]*

ক. $\overrightarrow{BA}$ কে $\overrightarrow{QR}$ ও $\overrightarrow{QP}$ এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, ABCD একটি সামান্তরিক। ৪

গ. যদি A(1, 1), B(4, 4), C(4, 8) ও D(1, 5) সামান্তরিকের শীর্ষবিন্দু হয় তবে সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

২৫ নং প্রশ্নের সমাধান

ক ΔABQ থেকে ভেক্টর যোগের ত্রিভুজ সূত্রানুসারে পাই,

$$\overrightarrow{AB} = \overrightarrow{QB} + \overrightarrow{AQ}$$

বা, $-\overrightarrow{BA} = \frac{1}{2}\overrightarrow{QR} + \frac{1}{2}\overrightarrow{PQ}$

বা, $-\overrightarrow{BA} = \frac{1}{2}(\overrightarrow{QR} - \overrightarrow{QP})$

$\therefore$ $\overrightarrow{BA} = \frac{1}{2}(\overrightarrow{QP} - \overrightarrow{QR})$ **(Ans.)**

খ সৃজনশীল ১৫(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা–২৩১

গ দেওয়া আছে, ABCD সামান্তরিকের শীর্ষবিন্দু চারটির স্থানাঙ্ক

A(1, 1), B(4, 4), C(4, 8) ও D(1, 5)

$\therefore$ সামান্তরিকের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 1 & 4 & 4 & 1 & 1 \\ 1 & 4 & 8 & 5 & 1 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}(4 + 32 + 20 + 1 - 4 - 16 - 8 - 5)$ বর্গ একক

$= \frac{1}{2} \times 24$ বর্গ একক $= 12$ বর্গ একক **(Ans.)**

প্রশ্ন ▶২৬ A(0, –1), B(–2, 3), C(6, 7) এবং D(8, 3) বিন্দু চারটি একটি চতুর্ভুজের শীর্ষবিন্দু। *[ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ]*

ক. AC সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২

খ. ABCD চতুর্ভুজটি কোন ধরনের? ব্যাখ্যা দাও। ৪

গ. AB, BC, CD ও DA বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R ও S হলে ভেক্টরের সাহায্যে দেখাও যে, PQRS একটি সামান্তরিক। ৪

২৬ নং প্রশ্নের সমাধান

ক AC সরলরেখার সমীকরণ, $\frac{x-6}{6-0} = \frac{y-7}{7+1}$

বা, $8x - 48 = 6y - 42$

বা, $8x - 6y = 48 - 42$

বা, $8x - 6y = 6$

$\therefore 4x - 3y = 3$ **(Ans.)**

খ ABCD চতুর্ভুজে A(0, –1), B(–2, 3), C(6, 7) ও D(8, 3)

এখানে, $AB = \sqrt{(-2-0)^2 + (3+1)^2}$

$= \sqrt{4+16} = \sqrt{20}$ একক



$BC = \sqrt{(6+2)^2 + (7-3)^2} = \sqrt{64+16} = \sqrt{80}$ একক

$CD = \sqrt{(8-6)^2 + (3-7)^2} = \sqrt{4+16} = \sqrt{20}$ একক

এবং $AD = \sqrt{(8-0)^2 + (3+1)^2} = \sqrt{64+16} = \sqrt{80}$ একক

আবার, কর্ণ $AC = \sqrt{(6-0)^2 + (7+1)^2}$

$= \sqrt{36+64} = \sqrt{100} = 10$ একক

এবং কর্ণ $BD = \sqrt{(8+2)^2 + (3-3)^2}$

$= \sqrt{10^2 + 0^2} = 10$ একক

$\therefore$ AB = CD, BC = AD এবং কর্ণ AC = কর্ণ BD

$\therefore$ A, B, C, D বিন্দুগুলো দ্বারা গঠিত চতুর্ভুজ একটি আয়ত।

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৫

প্রশ্ন ▶২৭ *[বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল]*



ABCD চতুর্ভুজটি একটি বৃত্তে অন্তর্লিখিত। AC ও BD ইহার কর্ণ এবং $\angle DAP = \angle BAC$।

ক. নববিন্দু বৃত্ত বলতে কি বুঝ? ২

খ. প্রমাণ কর যে, AC.BD = AB.CD + BC.AD। ৪

গ. যদি ΔABD এর AB ও AD বাহুর মধ্যবিন্দু যথাক্রমে R ও S হয় তাহলে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, RS || BD এবং $RS = \frac{1}{2}BD$. ৪

২৭ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অনুশীলনী-৩.২ এর উপপাদ্য-৩.১০ এর "দ্রষ্টব্য : ১" দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৭৩

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৩.২ এর উপপাদ্য-৩.১২ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৭৪

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ এর অনুরূপ। পৃষ্ঠা- ২৬৩

প্রশ্ন ▶২৮



চিত্রে, S, O যথাক্রমে ΔABC এর পরিকেন্দ্র ও লম্ববিন্দু। AP মধ্যমা এবং R, AB এর মধ্যবিন্দু। *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*

ক. নববিন্দু বৃত্ত কাকে বলে? ২

খ. প্রমাণ কর যে, G বিন্দু ΔABC এর ভরকেন্দ্র। ৪

গ. ভেক্টরের সাহায্যে দেখাও যে, P বিন্দু দিয়ে CA এর সমান্তরাল রেখা অবশ্যই R বিন্দুগামী হবে। ৪

২৮ নং প্রশ্নের সমাধান

ক নববিন্দু বৃত্তঃ কোনো ত্রিভুজের বাহুগুলোর মধ্যবিন্দুত্রয়, শীর্ষবিন্দুগুলো থেকে বিপরীত বাহুত্রয়ের উপর অঙ্কিত লম্বত্রয়ের পাদ বিন্দুত্রয় এবং শীর্ষবিন্দু ও লম্ববিন্দুর সংযোজক রেখাত্রয়ের মধ্যবিন্দুত্রয়, সর্বমোট এই নয়টি বিন্দু একই বৃত্তের উপর অবস্থান করে। এই বৃত্তকেই নববিন্দু বৃত্ত বলে।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৩.২ এর উপপাদ্য-৩.১০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৭২

গ মনে করি, BCA ত্রিভুজের BC বাহুর মধ্যবিন্দু P দিয়ে অঙ্কিত CA এর সমান্তরাল PR, BA কে R বিন্দুতে ছেদ করে।
প্রমাণ করতে হবে PR রেখা R বিন্দুগামী। আবার, AB এর মধ্যবিন্দু R হওয়ায় R, BA এর মধ্যবিন্দু, প্রমাণ করাই যথেষ্ট।



প্রমাণ: R যদি $\overrightarrow{BA}$ এর মধ্যবিন্দু না হয়, তবে ধরি, E, $\overrightarrow{BA}$ এর মধ্যবিন্দু।

তাহলে $\overrightarrow{BP} = \frac{1}{2}\overrightarrow{BC}$ [$\because$ P, $\overrightarrow{BC}$ এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{PE} = \overrightarrow{PB} + \overrightarrow{BE}$

$= -\overrightarrow{BP} + \overrightarrow{BE}$ [$\because \overrightarrow{BP} = -\overrightarrow{PB}$]

$= \overrightarrow{BE} - \overrightarrow{BP}$

$= \frac{1}{2}\overrightarrow{BA} - \frac{1}{2}\overrightarrow{BC}$ [$\because$E, $\overrightarrow{BA}$ এর মধ্যবিন্দু ধরে নেয়া হয়েছে]

$= \frac{1}{2}(\overrightarrow{BA} - \overrightarrow{BC})$

$= \frac{1}{2}\overrightarrow{CA}$ [$\because \overrightarrow{BA} - \overrightarrow{BC} = \overrightarrow{CA}$]

$\therefore \overrightarrow{PE} = \frac{1}{2}\overrightarrow{CA}$

অর্থাৎ, PE || CA কিন্তু PR || CA (উদ্দীপকে দেয়া আছে)

তাহলে $\overrightarrow{PE}$ ও $\overrightarrow{PR}$ রেখাদ্বয় উভয়ে P বিন্দু দিয়ে যায় এবং $\overrightarrow{CA}$ এর সমান্তরাল।

অতএব, $\overrightarrow{PE}$ ও $\overrightarrow{PR}$ অবশ্যই সমাপাতিত হবে।
$\therefore$ E ও R একই বিন্দু হবে।
অর্থাৎ R, BA এর মধ্যবিন্দু।
$\therefore$ P বিন্দু দিয়ে অঙ্কিত সমান্তরাল রেখা অবশ্যই R বিন্দুগামী।

(দেখানো হলো)

প্রশ্ন ▶২৯ ΔABC এ, AD একটি মধ্যমা এবং PQRS ট্রাপিজিয়ামে PS || QR.

[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক. টলেমির উপপাদ্য বিবৃত কর এবং চিত্র এঁকে বুঝিয়ে দাও। ২
খ. প্রমাণ কর যে, $AB^2 + AC^2 = 2(AD^2 + BD^2)$ ৪
গ. PQ ও SR বাহুর মধ্যবিন্দু যথাক্রমে M ও N হলে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $MN = \frac{1}{2}(PS + QR)$ এবং MN || PS || QR ৪

২৯ নং প্রশ্নের সমাধান

ক **টলেমির উপপাদ্য :** বৃত্তে অন্তর্লিখিত কোনো চতুর্ভুজের কর্ণদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্র ঐ চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্রের সমষ্টির সমান।



মনে করি, বৃত্তে অন্তর্লিখিত ABCD চতুর্ভুজের বিপরীত বাহুগুলো যথাক্রমে AB ও CD এবং BC ও AD। AC এবং BD চতুর্ভুজটির দুইটি কর্ণ। সুতরাং AC.BD = AB.CD + BC.AD

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৩.১ এর উপপদ্য-৩.৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৬৭

গ



মনে করি, PQRS চতুর্ভুজে PS || QR। PQ ও SR এর মধ্যবিন্দু যথাক্রমে M ও N। প্রমাণ করতে হবে যে, $MN = \frac{1}{2}(PS + QR)$ এবং MN || QS || QR.

প্রমাণ : ধরি, P, Q, R ও S এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{p}$, $\underline{q}$, $\underline{r}$ ও $\underline{s}$.

$\therefore \overrightarrow{PS} = \underline{s} - \underline{p}$. $\overrightarrow{\text{হজ}} = \underline{r} - \underline{q}$

$\therefore$ M বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{p} + \underline{q})$

N বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{s} + \underline{r})$

$\therefore \overrightarrow{MN} = \frac{1}{2}(\underline{s} + \underline{r}) - \frac{1}{2}(\underline{p} + \underline{q})$

$= \frac{1}{2}[(\underline{s} - \underline{p}) + (\underline{r} - \underline{q})]$

$= \frac{1}{2}(\overrightarrow{PS} + \overrightarrow{QR})$

বা, $|\overrightarrow{MN}| = \left|\frac{1}{2}(\overrightarrow{PS} + \overrightarrow{QR})\right|$

$\therefore MN = \frac{1}{2}(PS + QR)$

আবার, এখানে PS ও QR পরস্পর সমান্তরাল হওয়ায় $(\overrightarrow{PS} + \overrightarrow{QR})$ ভেক্টরটিও তাদের সমান্তরাল হবে। সুতরাং $\overrightarrow{MN}$ ভেক্টরটিও $\overrightarrow{PS}$ ও $\overrightarrow{QR}$ এর সমান্তরাল হবে।

$\therefore$ MN || PS || QR

সুতরাং $MN = \frac{1}{2}(PS + QR)$ এবং MN || PS || QR **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৩০



ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E।

[মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা]

ক. $(\overrightarrow{AD} + \overrightarrow{DE})$ কে $\overrightarrow{AC}$ এর মাধ্যমে প্রকাশ কর। ২
খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, DE || BC এবং $DE = \frac{1}{2}BC$. ৪
গ. BCED ট্রাপিজিয়ামের কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে M ও N হলে প্রমাণ কর যে, $MN = \frac{1}{2}(BC - DE)$ ৪

৩০ নং প্রশ্নের সমাধান

ক ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E.

$\therefore \overrightarrow{AE} = \frac{1}{2}\overrightarrow{AC}$ এবং $\overrightarrow{AD} = \frac{1}{2}\overrightarrow{AB}$

ΔADE এ ভেক্টর যোগের ত্রিভুজবিধি অনুযায়ী,

$\overrightarrow{AD} + \overrightarrow{DE} = \overrightarrow{AE} = \frac{1}{2}\overrightarrow{AC}$ **(Ans.)**

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

গ মনে করি, BCED ট্রাপিজিয়ামের DE || BC এবং CD ও BE কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে N ও M। M, N যোগ করি।



প্রমাণ করতে হবে যে, $MN = \frac{1}{2}(BC - DE)$

প্রমাণ: মনে করি, কোনো ভেক্টর মূলবিন্দুর সাপেক্ষে B, C, E, D এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{b}$, $\underline{c}$, $\underline{e}$, $\underline{d}$.

$\overrightarrow{BC} = \underline{c} - \underline{b}$

$\overrightarrow{DE} = \underline{e} - \underline{d}$

$\therefore$ M বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{b} + \underline{e})$ [$\because$ M, BE এর মধ্যবিন্দু]

এবং N বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{c} + \underline{d})$ [$\because$ N, CD এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{MN} = \frac{1}{2}(\underline{c} + \underline{d}) - \frac{1}{2}(\underline{b} + \underline{e}) = \frac{1}{2}(\underline{c} + \underline{d} - \underline{b} - \underline{e})$

$= \frac{1}{2}\{(\underline{c} - \underline{b}) - (\underline{e} - \underline{d})\} = \frac{1}{2}(\overrightarrow{BC} - \overrightarrow{DE})$

$\therefore |\overrightarrow{MN}| = \frac{1}{2}|(\overrightarrow{BC} - \overrightarrow{DE})|$

$\therefore$ $MN = \frac{1}{2}(BC - DE)$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৩১ ABCD চতুর্ভুজের AB, BC, CD এবং AD বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R এবং S. *[ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]*

ক. ভেক্টর যোগের ত্রিভুজবিধি চিত্রসহ ব্যাখ্যা কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, PQRS একটি সামান্তরিক। ৪

গ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQ || AC এবং $PQ = \frac{1}{2}AC$. ৪

৩১ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর অনুচ্ছেদ ১২.৪ এর ১(ক) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৫৫

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৫

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ এর অনুরূপ।পৃষ্ঠা- ২৬৩

প্রশ্ন ▶৩২ *[গবর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা]*



ABC সমদ্বিবাহু ত্রিভুজে AB = AC এবং AD ⊥ BC

ক. ΔABC এর ক্ষেত্রে $\overrightarrow{DA}$ ভেক্টরকে $\overrightarrow{CD}$ এবং $\overrightarrow{CA}$ ভেক্টরদ্বয়ের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. চিত্রে A, B এবং C সমবৃত্ত হলে এবং AB = AC = 13 সে. মি. এবং BD = CD = 5 সে. মি. হলে বৃত্তটির ব্যাসার্ধ নির্ণয় কর। ৪

গ. ABC ত্রিভুজের পরিব্যাসার্ধ R হলে প্রমাণ কর যে, $AB^2 = 2R. AD$. ৪

৩২ নং প্রশ্নের সমাধান

ক



দেওয়া আছে, ΔABC-এ, AB = AC ও AD ⊥ BC

ভেক্টর যোগের ত্রিভুজ বিধি হতে পাই,

$\overrightarrow{AB} + \overrightarrow{BD} = \overrightarrow{AD}$

বা, $\overrightarrow{AC} + \overrightarrow{DC} = \overrightarrow{AD}$ [□ ABC সমদ্বিবাহু ত্রিভুজ এবং AD ⊥ BC]

বা, $-\overrightarrow{CA} - \overrightarrow{CD} = -\overrightarrow{DA}$

$\therefore \overrightarrow{DA} = \overrightarrow{CD} + \overrightarrow{CA}$ **(Ans.)**

খ দেওয়া আছে ΔABC-এর AB = AC = 13 সে.মি., BD = CD = 5 সে.মি., BC = BD + DC = 5 সে.মি. + 5 সে.মি. = 10 সে.মি.

ABC পরিবৃত্তের ব্যাসার্ধ নির্ণয় করতে হবে।

AD কে বর্ধিত করি যেন বৃত্তের সাথে E বিন্দুতে মিলিত হয়।

যেহেতু O বৃত্তের পরিকেন্দ্র যা AE এর উপর অবস্থিত সেহেতু AD ⊥ BC।



$\therefore$ AE = বৃত্তের ব্যাস।

ABD সমকোণী ত্রিভুজে

$AD^2 = AB^2 - BD^2$

$= 13^2 - 5^2$

$= 169 - 25$

$= 144$

$AD = \sqrt{144} = 12$

এখন, ব্রহ্মা গুপ্তের উপপাদ্য অনুযায়ী পাই,

AB. AC = AE. AD

বা, 13 × 13 = AE × 12

বা, $AE = \frac{13 \times 13}{12}$

= 14.083 (প্রায়)

এখন, ব্যাসার্ধ, $AO = \frac{AE}{2} = \frac{14.083}{2} = 7.042$ (প্রায়)

$\therefore$ ব্যাসার্ধ = 7.042 সে.মি. (প্রায়) **(Ans.)**

গ



মনে করি, সমদ্বিবাহু ΔABC-এ AB = AC। A থেকে BC-এর ওপর অঙ্কিত লম্ব AD, BC কে D বিন্দুতে এবং পরিবৃত্তকে E বিন্দুতে ছেদ করেছে। ত্রিভুজের পরিব্যাসার্ধ R।

প্রমাণ করতে হবে যে, $AB^2 = 2R.AD$.

প্রমাণ: ΔADC ও ΔACE-এ,

∠ADC = ∠ ACE

[$\because$ অর্ধবৃত্তস্থ ∠ACE = 90° এবং AD, BC এর ওপর লম্ব বলে ∠ADC = 90°]

∠EAC সাধারণ কোণ।

এবং অবশিষ্ট ∠ACD = অবশিষ্ট ∠AEC

$\therefore$ ত্রিভুজদ্বয় সদৃশকোণী তথা সদৃশ।

$\therefore$ $\frac{AD}{AC} = \frac{AC}{AE}$ [$\because$ সদৃশকোণী ত্রিভুজদ্বয়ের অনুরূপ বাহুগুলোর অনুপাত সমান]

বা, $AC^2 = AE . AD$

$\therefore$ $AB^2 = AE. AD$ [$\because$ AB = AC] ....(i)

সমকোণী ΔABD ও ΔACD এর মধ্যে

অতিভুজ AB = অতিভুজ AC [দেওয়া আছে]

এবং AD সাধারণ বাহু।

$\therefore$ ΔABD ≅ ΔACD

$\therefore$ BD = CD

অর্থাৎ AD ⊥ BC এবং AD, BC এর সমদ্বিখণ্ডক।

$\therefore$ AD, বৃত্তের কেন্দ্র দিয়ে যায়।

[কেন্দ্র থেকে জ্যায়ের ওপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে]

$\therefore$ AE, ΔABC -এর পরিব্যাস

AE = 2R [$\because$ R, ΔABC-এর পরিব্যাসার্ধ]

তাহলে (i) হতে পাই,

অর্থাৎ , $AB^2 = 2R.AD$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৩৩ ABCD চতুর্ভুজের A, B, C এবং D বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}$, $\underline{b}$, $\underline{c}$ এবং $\underline{d}$. *[গবর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা]*

ক. ভেক্টর যোগের ত্রিভুজ বিধি চিত্রসহ বর্ণনা কর। ২

খ. প্রমাণ কর যে, ABCD চতুর্ভুজটি সামান্তরিক হবে যদি এবং কেবল যদি $\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$ হয়। ৪

গ. ABCD চতুর্ভুজটির বাহুগুলোর মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R এবং S হলে ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQRS চতুর্ভুজটি একটি সামান্তরিক। ৪

৩৩ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর অনুচ্ছেদ-১২.৪ এর ১(ক) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৫৫

খ দেওয়া আছে, A, B, C, D বিন্দুগুলোর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}$, $\underline{b}$, $\underline{c}$, $\underline{d}$. দেখাতে হবে যে, ABCD চতুর্ভুজটি সামান্তরিক হবে যদি এবং কেবল যদি

$\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$ হয়।

A, B, C ও D বিন্দুগুলোর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}$, $\underline{b}$, $\underline{c}$ ও $\underline{d}$

$\therefore$ $\vec{AB} = \underline{b} - \underline{a}$ এবং $\vec{DC} = \underline{c} - \underline{d}$

মনে করি, ABCD একটি সামান্তরিক।

তাহলে AB ও DC পরস্পর সমান ও সমান্তরাল হবে।



$\therefore \vec{AB} = \vec{DC}$

$\therefore \underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$

বিপরীতক্রমে, মনে করি, $\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$

$\therefore \vec{AB} = \vec{DC}$

সুতরাং AB ও DC রেখা দুইটি পরস্পর সমান ও সমান্তরাল অর্থাৎ ABCD একটি সামন্তরিক।

$\therefore$ ABCD একটি সামান্তরিক হবে যদি এবং কেবল যদি

$\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$ হয়। **(দেখানো হলো)**

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৫

প্রশ্ন ▶৩৪ একটি চতুর্ভুজের চারটি শীর্ষ যথাক্রমে A(7, 2), B(–4, 2), C(–4, –3) এবং D(7, –3) *[সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

ক. B ও D বিন্দুগামী সরলরেখার ঢাল নির্ণয় কর। ২

খ. চতুর্ভুজটি সামান্তরিক না আয়ত তা নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকের উলিণ্ডখিত চতুর্ভুজটির সন্নিহিত বাহুগুলোর মধ্যবিন্দু S, T, X, Y হলে ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, STXY একটি সামান্তরিক। ৪

৩৪ নং প্রশ্নের সমাধান

ক B(–4, 2) ও D(7, –3) বিন্দুগামী সরলরেখার ঢাল $= \frac{2+3}{-4-7} = \frac{-5}{11}$ **(Ans.)**

খ সৃজনশীল ৪(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৬

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৫

প্রশ্ন ▶৩৫



PQ রেখার সমীকরণ 3x + 4y = 12. *[সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

ক. PQ এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. XY সমতলের প্রথম চতুর্ভাগে অবস্থিত চতুর্ভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. যদি কর্ণ BD ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে M ও N হয় তবে ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর MN || AB || DC এবং $MN = \frac{1}{2}(DC - AB)$ ৪

৩৫ নং প্রশ্নের সমাধান

ক PQ রেখার সমীকরণ, 3x + 4y = 12

বা, $\frac{3x}{12} + \frac{4y}{12} = 1$

$\therefore \frac{x}{4} + \frac{y}{3} = 1$

$\therefore$ Q বিন্দুর স্থানাঙ্ক (4, 0) ও P বিন্দুর স্থানাঙ্ক (0, 3)

$\therefore$ PQ এর দৈর্ঘ্য $= \sqrt{(4-0)^2 + (0-3)^2}$

$= \sqrt{16+9}$

$= \sqrt{25} = 5$ **(Ans.)**

খ চিত্রানুসারে, XY সমতলের ১ম চতুর্ভাগে অবস্থিত চতুর্ভুজটির শীর্ষবিন্দু O, Q, B, P

'ক' হতে পাই, Q(4, 0) ও P(0, 3)

দেওয়া আছে, O(0, 0), B(3, 3)

$\therefore$ চতুর্ভুজ OQBP এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 0 & 4 & 3 & 0 & 0 \\ 0 & 0 & 3 & 3 & 0 \end{vmatrix}$

$= \frac{1}{2}(0 + 12 + 9 + 0 - 0 - 0 - 0 - 0)$

$= \frac{1}{2} \times 21$

$= 10.5$ বর্গ একক **(Ans.)**

গ সৃজনশীল ১০(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৯

প্রশ্ন ▶৩৬ A(1, 4t) এবং B(5, $t^2 - 1$) বিন্দুগামী রেখার ঢাল = –1 *[মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা]*

ক. 3y = 6x + 10 রেখাটি অক্ষদ্বয়কে যে যে বিন্দুতে ছেদ করে তা নির্ণয় কর। ২

খ. t এর মানের উপর ভিত্তি করে প্রাপ্ত চারটি বিন্দু P, Q, R, S হলে PQRS চতুর্ভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQRS চতুর্ভুজটির সন্নিহিত বাহুগুলোর মধ্যবিন্দুর সংযোজক রেখাসমূহ একটি সামান্তরিক উৎপন্ন করে। ৪

৩৬ নং প্রশ্নের সমাধান

ক 3y = 6x + 10

বা, – 6x + 3y = 10

বা, $-\frac{6x}{10} + \frac{3y}{10} = 1$

বা, $\frac{3x}{-5} + \frac{3y}{10} = 1$

$\therefore \frac{x}{-\frac{5}{3}} + \frac{y}{\frac{10}{3}} = 1$

$\therefore$ সরলরেখাটি X-অক্ষকে $\left(-\frac{5}{3}, 0\right)$ এবং

Y-অক্ষকে $\left(0, \frac{10}{3}\right)$ বিন্দুতে ছেদ করে।

খ অধ্যায়-১১ এর সৃজনশীল ১(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৯

গ দেওয়া আছে, PQRS চতুর্ভুজের বাহুগুলোর মধ্যবিন্দু যথাক্রমে A, B, C ও D। প্রমাণ করতে হবে যে, ABCD একটি সামান্তরিক।

প্রমাণ: মনে করি, $\vec{PQ} = \underline{a}$, $\vec{QR} = \underline{b}$, $\vec{RS} = \underline{c}$ এবং $\vec{SP} = \underline{d}$

তাহলে, $\vec{AB} = \vec{AQ} + \vec{QB} = \frac{1}{2}\vec{PQ} + \frac{1}{2}\vec{QR}$

বা, $\vec{AB} = \frac{1}{2}(\vec{PQ} + \vec{QR}) = \frac{1}{2}(\underline{a} + \underline{b})$

অনুরূপভাবে $\vec{BC} = \frac{1}{2}(\underline{b} + \underline{c})$

$\vec{CD} = \frac{1}{2}(\underline{c} + \underline{d})$

এবং $\vec{DA} = \frac{1}{2}(\underline{d} + \underline{a})$



আবার, $\vec{PR} = \vec{PQ} + \vec{QR} = \underline{a} + \underline{b}$

এবং $\vec{RP} = \vec{RS} + \vec{SP} = (\underline{c} + \underline{d})$ [ভেক্টর যোগের ত্রিভুজ বিধি অনুযায়ী]

$\therefore (\underline{a} + \underline{b}) + (\underline{c} + \underline{d}) = \vec{PR} + \vec{RP}$

$= \vec{PR} - \vec{PR}$ [$\because \vec{RP} = -\vec{PR}$]

$= \underline{0}$

অর্থাৎ $(\underline{a} + \underline{b}) = -(\underline{c} + \underline{d})$

$\frac{1}{2}(\underline{a} + \underline{b}) = -\frac{1}{2}(\underline{c} + \underline{d})$

$\therefore \vec{AB} = -\vec{CD}$

$\therefore \vec{AB} = \vec{DC}$

$\therefore$ AB এবং DC সমান ও সমান্তরাল। অনুরূপভাবে, BC এবং AD সমান ও সমান্তরাল।

$\therefore$ ABCD একটি সামান্তরিক। **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৩৭ ABCD শীর্ষবিন্দুসহ A(– 6, – 4), B(6, – 4), C(2, 2) এবং D(– 2, 2) ঘড়ির কাটার বিপরীতক্রমে আবর্তিত। *[মাইলস্টোন কলেজ, ঢাকা]*

ক. AC রেখার ঢাল নির্ণয় কর। ২

খ. ABCD এর ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট কোনো বর্গের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. ABCD ট্রাপিজিয়ামের AC ও BD কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে P ও Q হলে প্রমাণ কর যে, PQ || AB || DC এবং PQ = $\frac{1}{2}$ (AB – DC) ৪

৩৭ নং প্রশ্নের সমাধান

ক এখানে, A(–6, –4), C(2, 2)

$$AC = \sqrt{(2+6)^2 + (2+4)^2}$$
$$= \sqrt{8^2 + 6^2}$$
$$= \sqrt{64 + 36}$$
$$= \sqrt{(10)^2} = 10$$ একক **(Ans.)**

খ দেওয়া আছে, ABCD চতুর্ভুজের চারটি শীর্ষ যথাক্রমে A(–6, –4), B(6, –4), C(2, 2) এবং D(–2, 2) যেখানে, শীর্ষসমূহ ঘড়ির কাঁটার বিপরীত দিকে আবর্তিত।

বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে চতুর্ভুজ ক্ষেত্র ABCD এর ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} -6 & 6 & 2 & -2 & -6 \\ -4 & -4 & 2 & 2 & -4 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}(24 + 12 + 4 + 8 + 24 + 8 + 4 + 12)$ বর্গ একক

$= \frac{1}{2}(96)$ বর্গ একক = 48 বর্গ একক

প্রশ্নমতে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল, $a^2 = 48$ বর্গ একক

$\therefore$ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য, $a = \sqrt{48}$ একক $= 4\sqrt{3}$ একক

$\therefore$ বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}\,a = \sqrt{2} \times 4\sqrt{3} = 4\sqrt{6}$ একক **(Ans.)**

গ সৃজনশীল ২০(গ) নং সমাধান অনুরূপ। পৃষ্ঠা-২৩৪

প্রশ্ন ▶৩৮ ABCD চতুর্ভুজে AB || DC এবং P, Q, R ও S যথাক্রমে AB, CB, DC ও AD এর মধ্যবিন্দু। *[সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]*

ক. ভেক্টর যোগের সামান্তরিক বিধি লিখ। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, PQRS একটি সামান্তরিক। ৪

গ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, SQ || DC || AB এবং SQ = $\frac{1}{2}$(AB + DC) ৪

৩৮ নং প্রশ্নের সমাধান

ক মাধ্যমিক উচ্চতর গণিত পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর অনুচ্ছেদ-১২.৪ এর ১(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৫৬

খ মাধ্যমিক উচ্চতর গণিত পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৫

গ



এখানে, ADCB ট্রাপিজিয়ামের AD ও CB অসমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে S ও Q। প্রমাণ করতে হবে যে, SQ || AB || DC এবং SQ = $\frac{1}{2}$(AB + DC)

প্রমাণ: মনে করি, মূলবিন্দুর সাপেক্ষে A, B, C ও D বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}$, $\underline{b}$, $\underline{c}$ ও $\underline{d}$

$\therefore$ $\overrightarrow{DC} = \underline{c} - \underline{d}$ এবং $\overrightarrow{AB} = \underline{b} - \underline{a}$

$\therefore$ S বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{a} + \underline{d})$ [$\because$ S, AD এর মধ্যবিন্দু]

Q বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{c} + \underline{b})$ [$\because$ Q, CB এর মধ্যবিন্দু]

এখন, $\overrightarrow{SQ} = \frac{1}{2}(\underline{c} + \underline{b}) - \frac{1}{2}(\underline{a} + \underline{d})$

$= \frac{1}{2}(\underline{c} + \underline{b} - \underline{a} - \underline{d})$

$= \frac{1}{2}\{(\underline{c} - \underline{d}) + (\underline{b} - \underline{a})\}$

$= \frac{1}{2}(\overrightarrow{DC} + \overrightarrow{AB})$

কিন্তু DC ও AB পরস্পর সমান্তরাল হওয়ায় ($\overrightarrow{DC} + \overrightarrow{AB}$) ভেক্টরটিও তাদের (অর্থাৎ DC ও AB এর) সমান্তরাল হবে। সুতরাং SQ ভেক্টর ও DC ও AB এর সমান্তরাল হবে।

কারণ $\overrightarrow{SQ} = \frac{1}{2}(\overrightarrow{AB} + \overrightarrow{DC})$

বা, $|\overrightarrow{SQ}| = \frac{1}{2}|\overrightarrow{DC} + \overrightarrow{AB}|$

অর্থাৎ SQ $= \frac{1}{2}$(AB + DC)

অর্থাৎ SQ || AB || DC এবং SQ $= \frac{1}{2}$(AB + DC) **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৩৯



ΔPQR এর PQ এবং PR এর মধ্যবিন্দু যথাক্রমে S এবং T.

[শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক. $\overrightarrow{PS} + \overrightarrow{ST}$ কে $\overrightarrow{PR}$ এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, ST || QR এবং ST = $\frac{1}{2}$ QR. ৪

গ. SQRT এর কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে M ও N হলে, ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, MN || ST || QR এবং MN = $\frac{1}{2}$ (QR – ST). ৪

৩৯ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১০ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৮

প্রশ্ন ▶৪০



[এস ও এস হারম্যান মেইনার কলেজ, ঢাকা]

ক. ভেক্টরের সামান্তরিক বিধি চিত্র সহ ব্যাখ্যা কর। ২

খ. প্রমাণ কর যে, $\overrightarrow{AC}$ ও $\overrightarrow{BD}$ পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে তা একটি সামান্তরিক হবে। ৪

গ. AB এর মধ্যবিন্দু P, DC এর মধ্যবিন্দু M হলে দেখাও যে, APCM একটি সামান্তরিক উৎপন্ন করে। ৪

৪০ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর অনুচ্ছেদ ১২.৪ এর ১(খ) নং দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৫৬

খ মনে করি, ABCD চতুর্ভুজের AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে সমদ্বিখণ্ডিত করেছে। প্রমাণ করতে হবে যে, ABCD একটি সামান্তরিক।



প্রমাণঃ $\overrightarrow{AO} = \overrightarrow{OC}$ [$\because$ O, AC এর মধ্যবিন্দু]

এবং $\overrightarrow{BO} = \overrightarrow{OD}$ [$\because$ O, BD এর মধ্যবিন্দু]

এখন, $\overrightarrow{AD} = \overrightarrow{AO} + \overrightarrow{OD}$ [ত্রিভুজ বিধি]

$= \overrightarrow{OC} + \overrightarrow{BO}$ [$\because \overrightarrow{AO} = \overrightarrow{OC}, \overrightarrow{OD} = \overrightarrow{BO}$]

$= \overrightarrow{BO} + \overrightarrow{OC}$ [$\underline{a} + \underline{b} = \underline{b} + \underline{a}$]

$= \overrightarrow{BC}$ [ত্রিভুজ বিধি]

$\therefore \overrightarrow{AD} = \overrightarrow{BC}$

$\therefore$ AD = BC এবং $\overrightarrow{AD}$ ও $\overrightarrow{BC}$ এর ধারক রেখাদ্বয় একই বা সমান্তরাল হবে। এখানে স্পষ্টতঃ $\overrightarrow{AD}$ ও $\overrightarrow{BC}$ এর ধারক রেখাদ্বয় সম্পূর্ণ ভিন্ন। অর্থাৎ AD || BC

$\therefore$ ABCD একটি সামান্তরিক।

[$\because$ সামান্তরিকের বিপরীত বাহুদ্বয় সমান ও সমান্তরাল] **(প্রমাণিত)**

গ 

দেওয়া আছে, ABCD সামান্তরিকের AB ও CD বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P ও M।

M, A, P, C যোগ করি। প্রমাণ করতে হবে যে, APCM একটি সামান্তরিক।

প্রমাণঃ মনে করি, $\overrightarrow{AB} = \underline{a}$, $\overrightarrow{BC} = \underline{b}$, $\overrightarrow{DC} = \underline{c}$ এবং $\overrightarrow{AD} = \underline{d}$

ΔPBC-এ ভেক্টর যোগের ত্রিভুজবিধি অনুযায়ী,

$\overrightarrow{PC} = \overrightarrow{PB} + \overrightarrow{BC}$

$= \frac{1}{2}\overrightarrow{AB} + \overrightarrow{BC}$ [$\because$ P, AB এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{PC} = \frac{1}{2}\underline{a} + \underline{b}$ .... (i)

ΔADM- এ ভেক্টর যোগের ত্রিভুজ বিধি অনুযায়ী,

$\overrightarrow{AM} = \overrightarrow{DM} + \overrightarrow{AD}$

$= \frac{1}{2}\overrightarrow{DC} + \overrightarrow{AD}$ [$\because$ M, CD এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{AM} = \frac{1}{2}\underline{c} + \underline{d}$

$= \frac{1}{2}\underline{a} + \underline{b}$ .... (ii) $\left[\begin{array}{l}\because \text{ABCD mvgv¯¦wiK} \\ \therefore \underline{a} = \underline{c} \text{ ‰es } \underline{b} = \underline{d}\end{array}\right]$

(i) ও (ii) থেকে পাই,

$\overrightarrow{PC} = \overrightarrow{AM}$

ভেক্টরদ্বয় সমান। অর্থাৎ তাদের ধারক রেখা একই অথবা সমান্তরাল। কিন্তু এখানে ধারক রেখা এক নয়।

$\therefore$ ভেক্টরদ্বয়ের ধারক রেখা PC || AM.

আবার, P, AB এর মধ্যবিন্দু বলে, $\overrightarrow{AP} = \frac{1}{2}\overrightarrow{AB}$

$\therefore \overrightarrow{AP} = \frac{1}{2}\underline{a}$ .... (iii)

এবং M, DC এর মধ্যবিন্দু বলে, $\overrightarrow{MC} = \frac{1}{2}\overrightarrow{DC}$

বা, $\overrightarrow{MC} = \frac{1}{2}\underline{c}$

$\therefore \overrightarrow{MC} = \frac{1}{2}\underline{a}$ ... ... (iv)

(iii) ও (iv) থেকে পাই, $\overrightarrow{AP} = \overrightarrow{MC}$

সুতরাং $\overrightarrow{AP}$ ও $\overrightarrow{MC}$ ভেক্টরদ্বয় সমান ও সমান্তরাল।

$\therefore$ APCM একটি সামান্তরিক। **(দেখানো হলো)**

প্রশ্ন ▶ ৪১ ABCD চতুর্ভুজের AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে। *[এম ই এইচ আরিফ কলেজ, গাজীপুর]*

ক. ভেক্টর যোগের সামান্তরিক সূত্র বিবৃত ও ব্যাখ্যা কর। ২

খ. যদি $|\overrightarrow{AO}| = |\overrightarrow{OC}|$ এবং $|\overrightarrow{BO}| = |\overrightarrow{OD}|$ হয়, তবে প্রমাণ কর যে, ABCD একটি সামান্তরিক। ৪

গ. ABCD চতুর্ভুজের বাহুগুলোর মধ্যবিন্দু যথাক্রমে E, F, G এবং H হলে, প্রমাণ কর যে, EFGH একটি সামান্তরিক। ৪

৪১ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর অনুচ্ছেদ-১২.৪(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৫৬

খ মনে করি, ABCD চতুর্ভুজের AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে সমদ্বিখণ্ডিত করেছে। প্রমাণ করতে হবে যে, ABCD একটি সামান্তরিক।



প্রমাণঃ $\overrightarrow{DO} = \overrightarrow{OB}$ [$\because$ O, BD এর মধ্যবিন্দু]

এবং $\overrightarrow{OC} = \overrightarrow{AO}$ [$\because$ O, AC এর মধ্যবিন্দু]

এখন, $\overrightarrow{AB} = \overrightarrow{AO} + \overrightarrow{OB}$ [ত্রিভুজ বিধি]

$= \overrightarrow{OC} + \overrightarrow{DO}$ [$\because \overrightarrow{AO} = \overrightarrow{OC}, \overrightarrow{OB} = \overrightarrow{DO}$]

$= \overrightarrow{DO} + \overrightarrow{OC}$ [$\underline{a} + \underline{b} = \underline{b} + \underline{a}$]

$\therefore \overrightarrow{AB} = \overrightarrow{DC}$ [ত্রিভুজ বিধি]

$\therefore$ AB = DC এবং $\overrightarrow{AB}$ ও $\overrightarrow{DC}$ এর ধারক রেখাদ্বয় একই বা সমান্তরাল হবে। এখানে স্পষ্টতঃ $\overrightarrow{AB}$ ও $\overrightarrow{BC}$ এর ধারক রেখাদ্বয় সম্পূর্ণ ভিন্ন। অর্থাৎ AB || DC

$\therefore$ ABCD একটি সামান্তরিক।

[$\because$ সামান্তরিকের বিপরীত বাহুদ্বয় সমান ও সমান্তরাল]

(প্রমাণিত)

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহর.ণ-৫ অনুরূপ। পৃষ্ঠা-২৬৫

[বি.দ্র. P, Q, R ও S এর পরিবর্তে যথাক্রমে E, F,G ও H নিতে হবে।]

প্রশ্ন ▶ ৪২



ΔPQR এর PQ এবং PR এর মধ্যবিন্দু যথাক্রমে S এবং T.

[এ.ভি.জে.এম. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মুন্সিগঞ্জ]

ক. $\overrightarrow{PS} + \overrightarrow{ST}$ কে $\overrightarrow{PR}$ এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, ST || QR এবং ST = $\frac{1}{2}$QR. ৪

গ. SQRT এর কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে M ও N হলে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, MN || ST || QR এবং MN = $\frac{1}{2}$(QR – ST) ৪

৪২ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১০ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৮

প্রশ্ন ▶ ৪৩ প্রদত্ত চিত্রের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :



ΔABC এর BC, CA ও AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, E ও F।

[ব্রাহ্মন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়, নরসিংদী]

ক. প্রমাণ কর যে, $\overrightarrow{BC}+\overrightarrow{EF}+\overrightarrow{CE}+\overrightarrow{FB}=0$ ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, F বিন্দু দিয়ে অংকিত BC এর সমান্তরাল রেখাংশ অবশ্যই E বিন্দুগামী হবে। ৪

গ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, BCEF চতুর্ভুজের সন্নিহিত বাহুগুলোর মধ্যবিন্দুর সংযোগ রেখা একটি সামান্তরিক। ৪

৪৩ নং প্রশ্নের সমাধান

ক ΔABC এ,

$\overrightarrow{AB}+\overrightarrow{BC}+\overrightarrow{CA}=0$

বা, $(\overrightarrow{AF}+\overrightarrow{FB})+\overrightarrow{BC}+(\overrightarrow{CE}+\overrightarrow{EA})=0$

বা, $\overrightarrow{FB}+\overrightarrow{BC}+\overrightarrow{CE}+(\overrightarrow{AF}+\overrightarrow{FE}+\overrightarrow{EA})-\overrightarrow{FE}=0$

বা, $\overrightarrow{BC}+\overrightarrow{CE}+\overrightarrow{FB}+\overrightarrow{EF}=0$ [∵ $\overrightarrow{AF}+\overrightarrow{FE}+\overrightarrow{EA}=0$]

$\therefore$ $\overrightarrow{BC}+\overrightarrow{EF}+\overrightarrow{CE}+\overrightarrow{FB}=0$ **(প্রমাণিত)**

খ মনে করি, ABC ত্রিভুজের AB বাহুর মধ্যবিন্দু F। BC বাহুর সমান্তরাল করে অঙ্কিত FE রেখা AC কে E বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, E, AC এর মধ্যবিন্দু।



ধরি, E নয় বরং P, AC এর মধ্যবিন্দু।

তাহলে $\overrightarrow{AF}=\frac{1}{2}\overrightarrow{AB}$ [∵F, AB এর মধ্যবিন্দু]

এবং $\overrightarrow{AP}=\frac{1}{2}\overrightarrow{AC}$ [∵ P, $\overrightarrow{AC}$ এর মধ্যবিন্দু।]

$\therefore\ \overrightarrow{FP}=\overrightarrow{FA}+\overrightarrow{AP}=-\overrightarrow{AF}+\overrightarrow{AP}$ [$\therefore \overrightarrow{FA}=-\overrightarrow{AF}$]

$=\overrightarrow{AP}-\overrightarrow{AF}=\frac{1}{2}\overrightarrow{AC}-\frac{1}{2}\overrightarrow{AB}$

$=\frac{1}{2}(\overrightarrow{AC}-\overrightarrow{AB})=\frac{1}{2}\overrightarrow{BC}$

$\therefore\ \overrightarrow{FP}=\frac{1}{2}\overrightarrow{BC}$

অর্থাৎ, FP || BC কিন্তু FE || BC (দেওয়া আছে)

তাহলে $\overrightarrow{FE}$ ও $\overrightarrow{FP}$ রেখাদ্বয় উভয়েই F বিন্দু দিয়ে যায় এবং $\overrightarrow{BC}$ এর সমান্তরাল। অতএব তারা (অর্থাৎ $\overrightarrow{FE}$ ও $\overrightarrow{FP}$) অবশ্যই সমাপতিত হবে।

$\therefore$ E ও P একই বিন্দু হবে। অর্থাৎ E, AC এর মধ্যবিন্দু। **(প্রমাণিত)**

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৫

প্রশ্ন ▶ ৪৪



ABC একটি সমবাহু ত্রিভুজ এবং AD, BE ও CF এর তিনটি মধ্যমা।

[বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]

ক. $\overrightarrow{AB}$ ভেক্টরকে $\overrightarrow{BE}$ ও $\overrightarrow{CF}$ ভেক্টরের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $\overrightarrow{AD}+\overrightarrow{BE}+\overrightarrow{CF}=\underline{0}$ ৪

গ. ΔABC এর পরিব্যাসার্ধ R হলে প্রমাণ কর যে, $AB^2=2R.AD$ ৪

৪৪ নং প্রশ্নের সমাধান



ক ΔABE-এ $\overrightarrow{AB}+\overrightarrow{BE}=\overrightarrow{AE}$

বা, $\overrightarrow{AB}=\overrightarrow{AE}-\overrightarrow{BE}$ [ত্রিভুজ বিধি]

$=\frac{1}{2}\overrightarrow{AC}-\overrightarrow{BE}$

[E, AC এর মধ্যবিন্দু বলে $\overrightarrow{AE}=\frac{1}{2}\overrightarrow{AC}$ এবং $\overrightarrow{EB}=-\overrightarrow{BE}$]

$=\frac{1}{2}(\overrightarrow{AF}-\overrightarrow{CF})-\overrightarrow{BE}$ [ত্রিভুজ বিধি]

$=\frac{1}{2}\left(\frac{1}{2}\overrightarrow{AB}-\overrightarrow{CF}\right)-\overrightarrow{BE}$

[F, AB এর মধ্যবিন্দু বলে $\overrightarrow{AF}=\frac{1}{2}\overrightarrow{AB}$]

বা, $\overrightarrow{AB}=\frac{1}{4}\overrightarrow{AB}-\frac{1}{2}\overrightarrow{CF}-\overrightarrow{BE}$

বা, $4\overrightarrow{AB}=\overrightarrow{AB}-2\overrightarrow{CF}-4\overrightarrow{BE}$ [উভয়পক্ষকে 4 দ্বারা গুণ করে]

বা, $4\overrightarrow{AB}-\overrightarrow{AB}=\overrightarrow{AB}-2\overrightarrow{CF}-4\overrightarrow{BE}-\overrightarrow{AB}$

[উভয়পক্ষে $(-\overrightarrow{AB})$ যোগ করে]

বা, $3\overrightarrow{AB}=-2\overrightarrow{CF}-4\overrightarrow{BE}$

$\therefore\ \overrightarrow{AB}=-\frac{2}{3}\overrightarrow{CF}-\frac{4}{3}\overrightarrow{BE}$ **(Ans.)**

খ সৃজনশীল ২২(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩৪

গ সৃজনশীল ৩২(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩৮

প্রশ্ন ▶ ৪৫ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্রে ΔABC এ AB বাহুর মধ্যবিন্দু দিয়ে অঙ্কিত PQ রেখাংশ BC এর সমান্তরাল। *[ময়মনসিংহ জিলা স্কুল]*

ক. $\overrightarrow{PQ}$ এর মান $\overrightarrow{AB}$ ও $\overrightarrow{AC}$ এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. BC এর মধ্যবিন্দু R হলে দেখাও যে, $\overrightarrow{AR}+\overrightarrow{BQ}+\overrightarrow{CP}=\underline{0}$ ৪

গ. PBCQ ট্রাপিজিয়ামের PB ও QC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে R ও S হলে প্রমাণ কর যে, $\overrightarrow{RS}=\frac{1}{2}(\overrightarrow{PQ}+\overrightarrow{BC})$. ৪

৪৫ নং প্রশ্নের সমাধান



ক ΔAPQ–এ

$\overrightarrow{AP}+\overrightarrow{PQ}=\overrightarrow{AQ}$ [ত্রিভুজ বিধি]

বা, $\frac{1}{2}\overrightarrow{AB}+\overrightarrow{PQ}=\frac{1}{2}\overrightarrow{AC}$

[P, AB এর মধ্যবিন্দু এবং Q, AC এর মধ্যবিন্দু]

বা, $\overrightarrow{PQ}=\frac{1}{2}\overrightarrow{AC}-\frac{1}{2}\overrightarrow{AB}$

সুতরাং, $\overrightarrow{PQ}=\frac{1}{2}(\overrightarrow{AC}-\overrightarrow{AB})$

খ ΔABR-এ ত্রিভুজ সূত্র হতে পাই, $\overrightarrow{AR}=\overrightarrow{AB}+\overrightarrow{BR}$

$\therefore\ \overrightarrow{AR}=\overrightarrow{AB}+\frac{1}{2}\overrightarrow{BC}$ ... ... (i)

[R, BC এর মধ্যবিন্দু বলে $\overrightarrow{BR}=\frac{1}{2}\overrightarrow{BC}$]



ΔACP-এ $\overrightarrow{AP}=\overrightarrow{AC}+\overrightarrow{CP}$

$\therefore\ \overrightarrow{CP}=\overrightarrow{AP}-\overrightarrow{AC}$

$\therefore\ \overrightarrow{CP}=\frac{1}{2}\overrightarrow{AB}-\overrightarrow{AC}$ ... ... (ii)

[P, AB এর মধ্য বিন্দু বলে $\overrightarrow{AP}=\frac{1}{2}\overrightarrow{AB}$]

এবং ΔABQ-এ $\overrightarrow{AQ} = \overrightarrow{AB} + \overrightarrow{BQ}$

বা, $\overrightarrow{BQ} = \overrightarrow{AQ} - \overrightarrow{AB}$

$\therefore\ \overrightarrow{BQ} = \frac{1}{2}\overrightarrow{AC} - \overrightarrow{AB}$ ... ... (iii)

[Q, AC এর মধ্যবিন্দু বলে $AQ = \frac{1}{2}AC$]

এখন, (i), (ii) ও (iii) নং সমীকরণ যোগ করে পাই,

$\overrightarrow{AR} + \overrightarrow{CP} + \overrightarrow{BQ} = \overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC} + \frac{1}{2}\overrightarrow{AB} - \overrightarrow{AC} + \frac{1}{2}\overrightarrow{AC} - \overrightarrow{AB}$

বা, $\overrightarrow{AR} + \overrightarrow{BQ} + \overrightarrow{CP} = \frac{1}{2}\overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC} - \frac{1}{2}\overrightarrow{AC}$

$= \frac{1}{2}(\overrightarrow{AB} + \overrightarrow{BC}) - \frac{1}{2}\overrightarrow{AC} = \frac{1}{2}\overrightarrow{AC} - \frac{1}{2}\overrightarrow{AC} = \underline{0}$

$\therefore\ \overrightarrow{AR} + \overrightarrow{BQ} + \overrightarrow{CP} = \underline{0}$ **(দেখানো হলো)**

গ সৃজনশীল ১৩(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩০

প্রশ্ন ▶ ৪৬ ABCD চতুর্ভুজের A(–7, 0), B(7, 0), C(7, 7) এবং D(–7, 7) শীর্ষ বিন্দুসমূহ ঘড়ির কাঁটার বিপরীত দিকে আবর্তিত হয়।

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী]

ক. ABCD চতুর্ভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. দেখাও যে, ABCD চতুর্ভুজটি একটি আয়তক্ষেত্র। ৪

গ. AB ও AC এর মধ্যবিন্দু যথাক্রমে S ও T হলে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, ST || BC এবং $ST = \frac{1}{2}BC$. ৪

৪৬ নং প্রশ্নের সমাধান

ক A(– 7, 0), B(7, 0), C(7, 7) ও D(–7, 7) বিন্দুসমূহ নিয়ে গঠিত ABCD চতুর্ভুজের ক্ষেত্রফল

$= \frac{1}{2}\begin{vmatrix} -7 & 7 & 7 & -7 & -7 \\ 0 & 0 & 7 & 7 & 0 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}\{(0 + 49 + 49 + 0) - (0 + 0 - 49 - 49)\}$ বর্গ একক

$= \frac{1}{2}(98 + 98)$ বর্গ একক

= 98 বর্গ একক **(Ans.)**

খ দেওয়া আছে, A(– 7, 0), B(7, 0), C(7, 7) ও D(–7, 7)

তাহলে, $AB = \sqrt{(7+7)^2 + 0^2} = 14$ একক

$BC = \sqrt{(7-7)^2 + (7-0)^2} = 7$ একক

$CD = \sqrt{(7+7)^2 + (7-7)^2} = 14$ একক

$DA = \sqrt{(-7+7)^2 + (7-0)^2} = 7$ একক

কর্ণ, $AC = \sqrt{(7+7)^2 + (7-0)^2} = \sqrt{196 + 49}$

$= \sqrt{245} = 7\sqrt{5}$ একক

কর্ণ, $BD = \sqrt{(7+7)^2 + (0-7)^2} = \sqrt{196 + 49}$

$= \sqrt{245} = 7\sqrt{5}$ একক

এখানে, AB = CD, BC = DA এবং কর্ণ AC = কর্ণ BD

∴ ABCD চতুর্ভুজটি একটি আয়তক্ষেত্র। **(দেখানো হলো)**

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

প্রশ্ন ▶ ৪৭



চিত্রে ΔABC এ AB বাহুর মধ্যবিন্দু দিয়ে অঙ্কিত PQ রেখাংশ BC এর সমান্তরাল।

ক. APQ ত্রিভুজের ক্ষেত্রে ভেক্টর বিয়োগের ত্রিভুজ বিধি বর্ণনা কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, Q, AC এর মধ্যবিন্দু। ৪

গ. BPQC ট্রাপিজিয়ামের PB ও QC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে R ও S হলে, প্রমাণ কর যে, $\overrightarrow{RS} = \frac{1}{2}(\overrightarrow{PQ} + \overrightarrow{BC})$। ৪

৪৭ নং প্রশ্নের সমাধান

ক APQ ত্রিভুজে $\overrightarrow{AP}$ ও $\overrightarrow{AQ}$ ভেক্টরদ্বয়ের বিয়োগফল বলতে $\overrightarrow{AP}$ ও $\overrightarrow{QA}$ ($\overrightarrow{AQ}$ ভেক্টরের বিপরীত ভেক্টর) ভেক্টরদ্বয়ের যোগফল বুঝায়। অর্থাৎ $\overrightarrow{AQ}$ এর অন্তর্বিন্দু থেকে $\overrightarrow{AP}$ এর অন্তর্বিন্দু পর্যন্ত রেখাংশ অর্থাৎ $\overrightarrow{QP}$ $= \overrightarrow{AP} - \overrightarrow{AQ}$ কে বুঝায়।

খ



দেওয়া আছে, ABC ত্রিভুজের AB বাহুর মধ্যবিন্দু দিয়ে অঙ্কিত BC এর সমান্তরাল PQ, AC কে Q বিন্দুতে ছেদ করে।

প্রমাণ করতে হবে Q, AC এর মধ্যবিন্দু।

প্রমাণ: Q যদি $\overrightarrow{AC}$ এর মধ্যবিন্দু না হয়, তবে ধরি, E, $\overrightarrow{AC}$ এর মধ্যবিন্দু।

তাহলে $\overrightarrow{AP} = \frac{1}{2}\overrightarrow{AB}$ [∵ P, $\overrightarrow{AB}$ এর মধ্যবিন্দু]

$\therefore\ \overrightarrow{PE} = \overrightarrow{PA} + \overrightarrow{AE}$

$= -\overrightarrow{AP} + \overrightarrow{AE}$ [∵ $\overrightarrow{AP} = -\overrightarrow{PA}$]

$= \overrightarrow{AE} - \overrightarrow{AP}$

$= \frac{1}{2}\overrightarrow{AC} - \frac{1}{2}\overrightarrow{AB}$ [∵ E, $\overrightarrow{AC}$ এর মধ্যবিন্দু।

$= \frac{1}{2}(\overrightarrow{AC} - \overrightarrow{AB})$

$= \frac{1}{2}\overrightarrow{BC}$ [$\overrightarrow{AC} - \overrightarrow{AB} = \overrightarrow{BC}$]

$\therefore\ \overrightarrow{PE} = \frac{1}{2}\overrightarrow{BC}$

অর্থাৎ, PE||BC কিন্তু PQ||BC (প্রশ্নমতে)

তাহলে $\overrightarrow{PE}$ ও $\overrightarrow{PQ}$ রেখাদ্বয় উভয়ে P বিন্দু দিয়ে যায় এবং $\overrightarrow{BC}$ এর সমান্তরাল।

অতএব, $\overrightarrow{PE}$ ও $\overrightarrow{PQ}$ অবশ্যই সমাপাতিত হবে।

∴ E ও Q একই বিন্দু হবে।

অর্থাৎ Q, AC এর মধ্যবিন্দু **(প্রমাণিত)**

গ সৃজনশীল ১৩(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩০

প্রশ্ন ▶ ৪৮



চিত্রে PQRS একটি সামান্তরিক। *[শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরপুর]*

ক. এ্যাপোলোনিয়াসের উপপাদ্যটি বিবৃত কর। ২

খ. প্রমাণ কর যে, $PQ^2 + PS^2 = 2(PO^2 + QO^2)$ ৪

গ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PO = RO এবং QO = SO. ৪

৪৮ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৬ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৭

প্রশ্ন ▶ ৪৯

[জামালপুর জিলা স্কুল, জামা



চিত্রে ABCD চতুর্ভুজটির AB, BC, CD এবং DA বাহুর মধ্যবিন্দু যথাক্রমে F, G, H ও E. *[নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা]*

ক. ত্রিভুজের ভরকেন্দ্র ও পরিকেন্দ্র কাকে বলে? ২

খ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, EFGH একটি সামান্তরিক। ৪

গ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, EG এবং FH পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে। ৪

৪৯ নং প্রশ্নের সমাধান

ক ত্রিভুজের ভরকেন্দ্র: ত্রিভুজের মধ্যমাগুলো যে বিন্দুতে ছেদ করে ঐ বিন্দুকে ত্রিভুজটির ভরকেন্দ্র বলা হয়।
ত্রিভুজের পরিকেন্দ্র: ত্রিভুজের যেকোনো দুই বাহুর লম্ব-সমদ্বিখণ্ডক যে বিন্দুতে ছেদ করে তাকে ত্রিভুজের পরিকেন্দ্র বলে।

খ



DABC চতুর্ভুজের সন্নিহিত বাহুগুলোর মধ্যবিন্দু যথাক্রমে E, F, G, H। E, F; F, G; G, H এবং E, H যোগ করি। প্রমাণ করতে হবে যে, EFGH চতুর্ভুজটি একটি সামান্তরিক।

প্রমাণ: মনে করি, $\overrightarrow{DA} = \underline{p}$, $\overrightarrow{AB} = \underline{q}$, $\overrightarrow{BC} = \underline{r}$, $\overrightarrow{CD} = \underline{s}$

D, B যোগ করা হলো।

তাহলে $\overrightarrow{EF} = \overrightarrow{EA} + \overrightarrow{AF} = \frac{1}{2}(\overrightarrow{DA} + \overrightarrow{AB}) = \frac{1}{2}(\underline{p} + \underline{q})$

অনুরূপভাবে $\overrightarrow{GH} = \overrightarrow{GC} + \overrightarrow{CH} = \frac{1}{2}(\overrightarrow{BC} + \overrightarrow{CD}) = \frac{1}{2}(\underline{r} + \underline{s})$

কিন্তু $(\underline{p} + \underline{q}) + (\underline{r} + \underline{s}) = \overrightarrow{DB} + \overrightarrow{BD} = \overrightarrow{DB} - \overrightarrow{DB} = \underline{0}$

বা, $(\underline{p} + \underline{q}) + (\underline{r} + \underline{s}) = \underline{0}$

বা, $(\underline{p} + \underline{q}) = -(\underline{r} + \underline{s})$

বা, $\frac{1}{2}(\underline{p} + \underline{q}) = -\frac{1}{2}(\underline{r} + \underline{s})$

$\therefore$ $\overrightarrow{EF} = -\overrightarrow{GH}$ বা, $\overrightarrow{EF} = \overrightarrow{HG}$

$\therefore$ EF ও HG সমান ও সমান্তরাল

$\therefore$ EFGH চতুর্ভুজটি একটি সামান্তরিক। **(প্রমাণিত)**

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৪
[বি.দ্র.: A, B, C ও D বিন্দুর পরিবর্তে যথাক্রমে E, F, G ও H নিতে হবে]

প্রশ্ন ▶৫০ ABCD চতুর্ভুজের A(6, –4), B(2, 2), C(– 2, 2) এবং D(– 6, – 4) শীর্ষসমূহ ঘড়ির কাঁটার বিপরীত দিকে আবর্তিত। *[রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী]*

ক. AC কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. ABCD চতুর্ভুজ ক্ষেত্রের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের পরিসীমা নির্ণয় কর। ৪

গ. P ও Q যথাক্রমে AB ও CD এর মধ্যবিন্দু হলে, ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, PQ || AD || BC এবং $PQ = \frac{1}{2}(AD + BC)$ ৪

৫০ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, A(6, –4) ও C(–2, 2)

$\therefore$ কর্ণ AC এর দৈর্ঘ্য $= \sqrt{(6+2)^2 + (-4-2)^2}$
$= \sqrt{64+36} = \sqrt{100} = 10$ একক **(Ans.)**

খ সৃজনশীল ২(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-

অতঃপর বর্গক্ষেত্রের পরিসীমা $= 4 \times 4\sqrt{3}$ একক
$= 16\sqrt{3}$ একক **(Ans.)**

গ সৃজনশীল ২(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৫

প্রশ্ন ▶৫১



ABCD সামান্তরিকের কর্ণদ্বয় $\overrightarrow{AC}$ ও $\overrightarrow{BD}$ এবং ΔABC এর BC, CA ও AB বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P, Q এবং R। *[গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী]*

ক. ভেক্টর যোগের সামান্তরিক বিধিটি লিখ। ২

খ. $\overrightarrow{AC}$ ভেক্টরকে $\overrightarrow{AD}$ ও $\overrightarrow{BD}$ ভেক্টরদ্বয়ের মাধ্যমে প্রকাশ কর। ৪

গ. $\overrightarrow{AP} + \overrightarrow{BQ} + \overrightarrow{CR} = \underline{0}$ প্রমাণ কর। ৪

৫১ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর অনুচ্ছেদ-১২.৪ এর ১(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৫৬

খ ΔBDC-এ



$\overrightarrow{BD} + \overrightarrow{DC} = \overrightarrow{BC}$

বা, $\overrightarrow{BD} + \overrightarrow{DC} = \overrightarrow{AD}$

[ABCD সামান্তরিকে $\overrightarrow{BC} = \overrightarrow{AD}$]

$\therefore$ $\overrightarrow{DC} = \overrightarrow{AD} - \overrightarrow{BD}$ ... ... (i)

আবার, ΔADC-এ,

$\overrightarrow{AD} + \overrightarrow{DC} = \overrightarrow{AC}$

বা, $\overrightarrow{AD} + \overrightarrow{AD} - \overrightarrow{BD} = \overrightarrow{AC}$ [(i) নং দ্বারা]

বা, $2\overrightarrow{AD} - \overrightarrow{BD} = \overrightarrow{AC}$

$\therefore$ $\overrightarrow{AC} = 2\overrightarrow{AD} - \overrightarrow{BD}$ **(Ans.)**

গ ΔABP-এ ত্রিভুজ সূত্র হতে পাই, $\overrightarrow{AP} = \overrightarrow{AB} + \overrightarrow{BP}$



$\therefore$ $\overrightarrow{AP} = \overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC}$ .... (i)

[P, BC এর মধ্যবিন্দু বলে $\overrightarrow{BP} = \frac{1}{2}\overrightarrow{BC}$]

ΔACR-এ $\overrightarrow{AR} = \overrightarrow{AC} + \overrightarrow{CR}$

$\therefore$ $\overrightarrow{CR} = \overrightarrow{AR} - \overrightarrow{AC}$

$\therefore$ $\overrightarrow{CR} = \frac{1}{2}\overrightarrow{AB} - \overrightarrow{AC}$ .... (ii)

[R, AB এর মধ্যবিন্দু বলে $\overrightarrow{AR} = \frac{1}{2}\overrightarrow{AB}$]

এবং ΔABQ-এ $\overrightarrow{AQ} = \overrightarrow{AB} + \overrightarrow{BQ}$

বা, $\overrightarrow{BQ} = \overrightarrow{AQ} - \overrightarrow{AB}$

$\therefore$ $\overrightarrow{BQ} = \frac{1}{2}\overrightarrow{AC} - \overrightarrow{AB}$ .... (iii)

[Q, AC এর মধ্যবিন্দু বলে $\overrightarrow{AQ} = \frac{1}{2}\overrightarrow{AC}$]

এখন, (i), (ii) ও (iii) নং সমীকরণ যোগ করে পাই,

$\overrightarrow{AP} + \overrightarrow{CR} + \overrightarrow{BQ} = \overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC} + \frac{1}{2}\overrightarrow{AB} - \overrightarrow{AC} + \frac{1}{2}\overrightarrow{AC} - \overrightarrow{AB}$

বা, $\overrightarrow{AP} + \overrightarrow{BQ} + \overrightarrow{CR} = \frac{1}{2}\overrightarrow{AB} + \frac{1}{2}\overrightarrow{BC} - \frac{1}{2}\overrightarrow{AC}$

$= \frac{1}{2}(\overrightarrow{AB} + \overrightarrow{BC}) - \frac{1}{2}\overrightarrow{AC} = \frac{1}{2}\overrightarrow{AC} - \frac{1}{2}\overrightarrow{AC} = \underline{0}$

$\therefore$ $\overrightarrow{AP} + \overrightarrow{BQ} + \overrightarrow{CR} = \underline{0}$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৫২



[রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ, রাজশাহী]

ΔABC-এ, $\angle BAC = 90°$

ক. ΔABC-এর লম্ব বিন্দু নির্ণয় কর। [অঙ্কনের চিহ্ন আবশ্যক] ২

খ. প্রমাণ কর যে, $AM^2 = BM.MC$ ৪

গ. BC, CA ও AB বাহুর মধ্য বিন্দু যথাক্রমে D, E ও F হলে প্রমাণ কর যে, $\vec{AD} + \vec{BE} + \vec{CF} = \underline{0}$ ৪

৫২ নং প্রশ্নের সমাধান

ক অধ্যায়-৩ এর সৃজনশীল-৩(ক) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-৫৭

খ



বিশেষ নির্বচন: দেওয়া আছে, ΔABC-এর $\angle A = 90°$। AM, CB এর ওপর লম্ব। প্রমাণ করতে হবে যে, $AM^2 = BM.\ MC$

প্রমাণ: ΔABC-এ $\angle A = 90°$

$\therefore \angle CAM + \angle BAM = 90°$ .... (i)

আবার, ΔCMA-এ $\angle CMA = 90°$ [$\because AM \perp CB$]

$\therefore \angle ACM + \angle CAM = 90°$.............. (ii)

[$\because$ ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°]

সমীকরণ (i) ও (ii) হতে পাই,

$\angle CAM + \angle BAM = \angle ACM + \angle CAM$

$\therefore \angle BAM = \angle ACM$

এখন, ΔCMA ও ΔBMA-এ

$\angle CMA = \angle BMA = 90°$

এবং $\angle ACM = \angle BAM$

সুতরাং ত্রিভুজ দুইটি সদৃশকোণী। $\therefore$ ত্রিভুজদ্বয় সদৃশ।

$\therefore \frac{CM}{AM} = \frac{AM}{BM}$

অর্থাৎ, $AM^2 = BM.MC$ **(প্রমাণিত)**

গ সৃজনশীল ২২(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩৪

প্রশ্ন ▶৫৩ ΔABC এর শীর্ষবিন্দু যথাক্রমে A(2, –4), B(– 4, 4) এবং C(3, a) [যেখানে $a > 0$] *[নওগাঁ জিলা স্কুল, নওগাঁ]*

ক. AC = BC হলে a এর মান নির্ণয় কর। ২

খ. AB রেখার সমীকরণ ও ঢাল নির্ণয় কর। ৪

গ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, ΔABC এর যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুদ্বয়ের সংযোজক রেখাংশ ঐ ত্রিভুজের তৃতীয় বাহুর সমান্তরাল ও তার অর্ধেক। ৪

৫৩ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১২ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩২

প্রশ্ন ▶৫৪ পাশের চিত্রে, EC ও FB এর মধ্যবিন্দু P এবং B, E, F, C এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{b}, \underline{e}, \underline{f}, \underline{c}$.



[পাবনা জেলা স্কুল, পাবনা]

ক. AB এর দূরত্ব কত? ২

খ. AB রেখার সমীকরণ ও ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, BEFC একটি সামান্তরিক। ৪

৫৪ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১৬ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩২

প্রশ্ন ▶৫৫ ABCD একটি সামান্তরিক। *[বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বগুড়া]*

ক. $\vec{AB}$ ভেক্টরকে $\vec{AC}$ ও $\vec{BD}$ ভেক্টরের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. A, B, C ও D বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}, \underline{b}, \underline{c}$ ও $\underline{d}$ হলে, ABCD চতুর্ভুজটি উদ্দীপকের চতুর্ভুজই হবে যদিও কেবল যদি $\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$ হয়। ৪

গ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে। ৪

৫৫ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-২(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

খ দেওয়া আছে, A, B, C, D বিন্দুগুলোর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}, \underline{b}, \underline{c}, \underline{d}$. দেখাতে হবে যে, ABCD সামান্তরিক হবে যদি এবং কেবল যদি $\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$ হয়।

A, B, C ও D বিন্দুগুলোর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}, \underline{b}, \underline{c}$ ও $\underline{d}$

$\therefore \quad \vec{AB} = \underline{b} - \underline{a}$ এবং $\vec{DC} = \underline{c} - \underline{d}$

মনে করি, ABCD একটি সামান্তরিক।



তাহলে AB ও DC পরস্পর সমান ও সমান্তরাল হবে।

$\therefore \quad \vec{AB} = \vec{DC}$

$\therefore \quad \underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$

বিপরীতক্রমে, মনে করি, $\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$

$\therefore \quad \vec{AB} = \vec{DC}$

সুতরাং AB ও DC রেখা দুইটি পরস্পর সমান ও সমান্তরাল অর্থাৎ ABCD একটি সামন্তরিক।

$\therefore$ ABCD একটি সামান্তরিক হবে যদি এবং কেবল যদি $\underline{b} - \underline{a} = \underline{c} - \underline{d}$ হয়। **(দেখানো হলো)**

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৪

প্রশ্ন ▶৫৬ একটি ত্রিভুজের শীর্ষত্রয় যথাক্রমে A(1, 4), B(– 2, 0) এবং C(5, 0)। *[রামদেও বাজলা সরকারি উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট]*

ক. AC রেখার ঢাল নির্ণয় কর। ২

খ. বাহু তিনটির দৈর্ঘ্য নির্ণয় করে ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E হলে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $DE \parallel BC$ এবং $DE = \frac{1}{2} BC$. ৪

৫৬ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, A ও C বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (1, 4) ও (5, 0)

$\therefore$ AC রেখার ঢাল $= \frac{0-4}{5-1} = \frac{-4}{4} = -1$ **(Ans.)**

খ দেওয়া আছে, ΔABC এর শীর্ষত্রয় যথাক্রমে A(1, 4), B(–2, 0) এবং C(5, 0)

AB বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(-2-1)^2 + (0-4)^2}$

$= \sqrt{9+16} = \sqrt{25} = 5$ একক

BC বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(5+2)^2 + (0-0)^2} = \sqrt{7^2} = 7$ একক

এবং CA বাহর দৈর্ঘ্য $= \sqrt{(1-5)^2 + (4-0)^2}$

$= \sqrt{16+16} = \sqrt{32}$

$= 4\sqrt{2}$ একক

$\therefore$ ΔABC এর অর্ধপরিসীমা, $S = \dfrac{AB + BC + CA}{2}$

$= \dfrac{5 + 7 + 4\sqrt{2}}{2} = \dfrac{12 + 4\sqrt{2}}{2}$

$= (6 + 2\sqrt{2}) = 8.83$ একক

$\therefore$ ΔABC এর ক্ষেত্রফল $= \sqrt{S(S-AB)(S-BC)(S-CA)}$ বর্গ একক

$= \sqrt{8.83\,(8.83-5)\,(8.83-7)\,(8.83-4\sqrt{2})}$

$= \sqrt{8.83 \times 3.83 \times 1.83 \times 3.17}$

≈ 14 বর্গ একক

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

প্রশ্ন ▶ ৫৭ ABCD সামান্তরিকের কর্ণদ্বয় AC ও BD পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। *[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বিইউএসএমএস, পার্বতীপুর, দিনাজপুর]*

ক. অবস্থান ভেক্টর বলতে কী বুঝ? ২

খ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, AO = OC এবং BO = OD. ৪

গ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, ট্রাপিজিয়ামের অসমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা সমান্তরাল বাহুদ্বয়ের সমান্তরাল এবং দৈর্ঘ্য তাদের যোগফলের অর্ধেক। ৪

৫৭ নং প্রশ্নের সমাধান

ক সমতলস্থ কোনো নির্দিষ্ট বিন্দু O এর সাপেক্ষে ঐ সমতলের যেকোনো বিন্দু P এর অবস্থান $\overrightarrow{OP}$ দ্বারা নির্দিষ্ট করা যায়। $\overrightarrow{OP}$ কে O বিন্দুর সাপেক্ষে P বিন্দুর অবস্থান ভেক্টর বলা হয় এবং O বিন্দুকে ভেক্টর মূলবিন্দু বলা হয়।



খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৪

গ সৃজনশীল ২(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৫

প্রশ্ন ▶ ৫৮ ABC একটি ত্রিভুজ এবং PQRS একটি ট্রাপিজিয়াম যেখানে PS || QR এবং PQ ও SR বাহুদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে M ও N। *[রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক. শূন্য ভেক্টর ও অবস্থান ভেক্টর কাকে বলে? ২

খ. ΔABC এর তিনটি মধ্যমা AD, BE ও CF হলে প্রমাণ কর যে, $\overrightarrow{AD} + \overrightarrow{BE} + \overrightarrow{CF} = \underline{0}$ ৪

গ. প্রমাণ কর যে, MN || PS || QR এবং $MN = \dfrac{1}{2}(PS + QR)$ ৪

৫৮ নং প্রশ্নের সমাধান

ক **শূন্য ভেক্টর :** যে ভেক্টরের পরমমান শূন্য এবং যার দিক নির্ণয় করা যায় না তাকে শূন্য ভেক্টর বলে।

অবস্থান ভেক্টর: সমতলস্থ কোনো নির্দিষ্ট O বিন্দু সাপেক্ষে ঐ সমতলের যেকোনো P বিন্দুর অবস্থান $\overrightarrow{OP}$ দ্বারা নির্দিষ্ট করা যায়। $\overrightarrow{OP}$ কে O বিন্দু সাপেক্ষে P বিন্দুর অবস্থান ভেক্টর বলে।

খ সৃজনশীল ২২(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩৪

গ মনে করি, QPSR ট্রাপিজিয়ামের QP ও SR বাহুদ্বয় অসমান্তরাল এবং PS ও QR বাহুদ্বয় সমান্তরাল। M ও N যথাক্রমে QP ও SR এর মধ্যবিন্দু। M, N যোগ করা হলো।



প্রমাণ করতে হবে যে, MN || QR || PS এবং

$\overrightarrow{MN} = \dfrac{1}{2}(\overrightarrow{QR} + \overrightarrow{PS})$

প্রমাণ: মনে করি, কোনো ভেক্টর মূল বিন্দুর সাপেক্ষে Q, P, S, R বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a}, \underline{b}, \underline{c}, \underline{d}$ ।

$\therefore \overrightarrow{PS} = \underline{c} - \underline{b}$, $\overrightarrow{QR} = \underline{d} - \underline{a}$

$\therefore$ M বিন্দুর অবস্থান ভেক্টর $= \dfrac{1}{2}(\underline{a} + \underline{b})$ [$\because$ M, QP এর মধ্যবিন্দু]

এবং N বিন্দুর অবস্থান ভেক্টর $= \dfrac{1}{2}(\underline{c} + \underline{d})$ [$\because$ N, SR এর মধ্যবিন্দু]

$\therefore \overrightarrow{MN} = \dfrac{1}{2}(\underline{c} + \underline{d}) - \dfrac{1}{2}(\underline{a} + \underline{b})$

$= \dfrac{1}{2}(\underline{c} + \underline{d} - \underline{a} - \underline{b})$

$= \dfrac{1}{2}\{(\underline{c} - \underline{b}) + (\underline{d} - \underline{a})\}$

$\therefore \overrightarrow{MN} = \dfrac{1}{2}(\overrightarrow{PS} + \overrightarrow{QR})$

কিন্তু PS ও QR পরস্পর সমান্তরাল হওয়ায় $(\overrightarrow{PS} + \overrightarrow{QR})$ ভেক্টরটিও তাদের (অর্থাৎ PS ও QR এর) সমান্তরাল হবে। সুতরাং $\overrightarrow{MN}$ ভেক্টরও PS ও QR এর সমান্তরাল হবে।

$\therefore$ MN || PS || QR এবং $\overrightarrow{MN} = \dfrac{1}{2}((\overrightarrow{PS} + \overrightarrow{QR})$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶ ৫৯



ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E. BD ও CE এর মধ্যবিন্দু যথাক্রমে M ও N, BC ও DE এর মধ্যবিন্দু যথাক্রমে O, P। *[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]*

ক. ভেক্টর যোগের ত্রিভুজ বিধি বিবৃত কর। ২

খ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, DE || BC এবং $DE = \dfrac{1}{2}BC$ ৪

গ. ভেক্টর বিশেণ্ডষণের মাধ্যমে দেখাও যে, BCED চতুর্ভুজের বাহুগুলোর মধ্যবিন্দু যোগে যে ক্ষেত্রটি উৎপন্ন হবে তা একটি সামান্তরিক। ৪

৫৯ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর অনুচ্ছেদ-১২.৪ এর ১(ক) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৫৫

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

গ



মনে করি, BCED চতুর্ভুজের BC, CE, ED ও DB বাহুগুলোর মধ্যবিন্দু যথাক্রমে O, N, P ও M।

O, N; N, P; P, M ও M, O যোগ করি।

প্রমাণ করতে হবে যে, ONPM সামান্তরিক।

প্রমাণ: ধরি, $\overrightarrow{BC} = \underline{a}$, $\overrightarrow{CE} = \underline{b}$, $\overrightarrow{ED} = \underline{c}$ এবং $\overrightarrow{DB} = \underline{d}$

তাহলে, $\overrightarrow{ON} = \overrightarrow{OC} + \overrightarrow{CN} = \dfrac{1}{2}\overrightarrow{BC} + \dfrac{1}{2}\overrightarrow{CE}$

বা, $\overrightarrow{ON} = \dfrac{1}{2}(\underline{a} + \underline{b})$

অনুরূপভাবে, $\overrightarrow{NP} = \dfrac{1}{2}(\underline{b} + \underline{c})$

$\overrightarrow{PM} = \dfrac{1}{2}(\underline{c} + \underline{d})$

$\overrightarrow{MO} = \dfrac{1}{2}(\underline{d} + \underline{a})$

কিন্তু, $(\underline{a} + \underline{b}) + (\underline{c} + \underline{d}) = \overrightarrow{BE} + \overrightarrow{EB} = \overrightarrow{BE} - \overrightarrow{BE} = \underline{0}$

অর্থাৎ $(\underline{a} + \underline{b}) = -(\underline{c} + \underline{d})$

$\therefore$ $\overrightarrow{ON} = \dfrac{1}{2}(\underline{a} + \underline{b}) = -\dfrac{1}{2}(\underline{c} + \underline{d}) = -\overrightarrow{PM} = \overrightarrow{MP}$

$\therefore$ ON ও MP সমান ও সমান্তরাল।

অনুরূপভাবে PN ও OM সমান ও সমান্তরাল।

$\therefore$ ONPM একটি সামান্তরিক। **(দেখানো হলো)**

প্রশ্ন ▶৬০ ΔABC এর AB, BC, CA এর মধ্যবিন্দু যথাক্রমে D, F, E.

[পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]

ক. $\overrightarrow{DE}$ কে $\overrightarrow{AB}$ ও $\overrightarrow{AC}$ ভেক্টরের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টর পদ্ধতিতে দেখাও যে, DE || BC এবং DE $= \frac{1}{2}$ BC. ৪

গ. ত্রিভুজের শীর্ষ বিন্দুগুলোর স্থানাঙ্ক যথাক্রমে A(10, 6), B(4, 0), C(14, 0) হলে দেখাও যে, Δ ক্ষেত্র ABC ঃ Δ ক্ষেত্র ADE = 4 ঃ 1। ৪

৬০ নং প্রশ্নের সমাধান

ক ΔADE এ ভেক্টর যোগের ত্রিভুজবিধি অনুসারে পাই,



$\overrightarrow{AD} + \overrightarrow{DE} = \overrightarrow{AE}$

বা, $\overrightarrow{DE} = \overrightarrow{AE} - \overrightarrow{AD}$

বা, $\overrightarrow{DE} = \frac{1}{2}\overrightarrow{AC} - \frac{1}{2}\overrightarrow{AB}$ [D ও E, AB ও AC এর মধ্যবিন্দু]

$\therefore$ $\overrightarrow{DE} = \frac{1}{2}(\overrightarrow{AC} - \overrightarrow{AB})$ **(Ans.)**

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

গ সৃজনশীল ১৪(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৩১
বিঃদ্রঃ E ও F এর পরিবর্তে যথাক্রমে D ও E নিতে হবে।

প্রশ্ন ▶৬১



ΔPQR এর PQ ও PR বাহুর মধ্যবিন্দু যথাক্রমে M ও N.

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী]

ক. $(\overrightarrow{PM} + \overrightarrow{MN})$ কে $\overrightarrow{PR}$ ভেক্টরের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, MN || QR এবং MN $= \frac{1}{2}$ QR. ৪

গ. QRNM ট্রাপিজিয়ামের কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে D ও E হলে, ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, DE || MN || QR এবং DE $= \frac{1}{2}$ (QR – MN) ৪

৬১ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ১০(ক) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৮
বি. দ্র. S ও T এর পরিবর্তে যথাক্রমে M ও N হবে।

খ সৃজনশীল ১০(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৯
বি. দ্র. S ও T এর পরিবর্তে যথাক্রমে M ও N হবে।

গ



মনে করি, QRNM ট্রাপিজিয়ামের QR ও MN সমান্তরাল বাহু এবং MR ও QN কর্ণের মধ্যবিন্দু যথাক্রমে E ও D। প্রমাণ করতে হবে যে, DE || MN || QR এবং

DE $= \frac{1}{2}$(QR – MN)

ধরি, মূলবিন্দুর সাপেক্ষে R, Q, N, M বিন্দুর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{b}$, $\underline{c}$, $\underline{e}$ ও $\underline{d}$

$\therefore$ $\overrightarrow{QR} = \underline{b} - \underline{c}$ এবং $\overrightarrow{MN} = \underline{e} - \underline{d}$

এখন D বিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{c} + \underline{e})$

এবং E বিন্দুর অবস্থান ভেক্টর $\frac{1}{2}(\underline{b} + \underline{d})$

$\therefore$ $\overrightarrow{DE} = \frac{1}{2}(\underline{b} + \underline{d}) - \frac{1}{2}(\underline{c} + \underline{e})$

$= \frac{1}{2}(\underline{b} + \underline{d} - \underline{c} - \underline{e})$

$= \frac{1}{2}(\underline{b} - \underline{c} + \underline{d} - \underline{e})$

$= \frac{1}{2}(\overrightarrow{QR} + \overrightarrow{NM})$

$= \frac{1}{2}(\overrightarrow{QR} - \overrightarrow{MN})$

$\therefore$ $\overrightarrow{QR}$ ও $\overrightarrow{NM}$ সমান্তরাল কিন্তু বিপরীতমুখী

$\therefore$ $|\overrightarrow{DE}| = \frac{1}{2}(|\overrightarrow{QR}| - |\overrightarrow{MN}|)$

বা, DE $= \frac{1}{2}$(QR – MN)

$\therefore$ DE, MN ও QR সমান্তরাল।

অর্থাৎ, DE || MN || QR

$\therefore$ DE $= \frac{1}{2}$ (QR – MN) এবং DE || MN || QR **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৬২





CDEF সামান্তরিক

[সৈয়দপুর সরকারি কারিগরি কলেজ, নীলফামারী]

ক. Δ এর ভরকেন্দ্র ব্যাখ্যা কর। ২

খ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, CDEF এর কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে। ৪

গ. দেখাও যে, Δ ক্ষেত্র PQR.PS^2 = Δ ক্ষেত্র PTS.PQ^2 ৪

৬২ নং প্রশ্নের সমাধান

ক **ত্রিভুজের ভরকেন্দ্র :** ত্রিভুজের মধ্যমাগুলো যে বিন্দুতে ছেদ করে ঐ বিন্দুকে ত্রিভুজটির ভরকেন্দ্র বলা হয়। ΔABC এর AD ও CE মধ্যমাদ্বয় পরস্পর G বিন্দুতে ছেদ করেছে। G বিন্দুটিই হল ত্রিভুজটির ভরকেন্দ্র। ভরকেন্দ্র ত্রিভুজের মধ্যমাগুলোকে 2 ঃ 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।



খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৪

গ



বিশেষ নির্বচন : দেওয়া আছে, ΔPQR-এ $RT \perp PQ$ এবং $QS \perp PR$। T ও S যোগ করা হলো। প্রমাণ করতে হবে যে, Δ ক্ষেত্র $PQR.PS^2 = \Delta$ ক্ষেত্র $PTS.PQ^2$।

প্রমাণ : $\angle QSR = \angle QTR = 1$ সমকোণ। [□ $QS \perp PR$ এবং $RT \perp PQ$]
যেহেতু কোণ দুইটি QR এর একই পাশে অবস্থিত। $\therefore$ Q, R, S, T বিন্দু চারটি সমবৃত্ত।

$\therefore$ QRST চতুর্ভুজটি বৃত্তস্থ।

$\therefore$ $\angle PTS = \angle QRS$ [বৃত্তস্থ চতুর্ভুজের একটি বাহু বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ বিপরীত অন্তঃস্থ কোণের সমান]

অর্থাৎ $\angle PTS = \angle PRQ$

অনুরূপভাবে, $\angle PST = \angle PQR$

এখন, ΔPQR ও ΔPST এ,

$\angle PTS = \angle PRQ$, $\angle PST = \angle PQR$ এবং $\angle P$ সাধারণ।

$\therefore$ ΔPTS ও ΔPQR সদৃশ

$\therefore \dfrac{\Delta PQR}{\Delta PTS} = \dfrac{PQ^2}{PS^2}$

বা, $\Delta PQR.PS^2 = \Delta PTS.PQ^2$

অর্থাৎ, Δ ক্ষেত্র $PQR.PS^2 = \Delta$ ক্ষেত্র $PTS.PQ^2$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৬৩ ΔPQR এর শীর্ষবিন্দু যথাক্রমে P(1, 6), Q(– 1, 1) ও R(3, 3) এবং PQ ও PR এর মধ্যবিন্দু যথাক্রমে T ও S। *[কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা]*

ক. PQ ও PR এর সমীকরণ নির্ণয় কর। ২

খ. PQ, PR ও QR এর দৈর্ঘ্য নির্ণয় কর এবং ΔPQR এর ক্ষেত্রফল বের কর। ৪

গ. TQ ও SR এর মধ্যবিন্দু যথাক্রমে M ও N হলে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $MN = \frac{1}{2}(TS + QR)$ এবং $MN \parallel TS \parallel QR$। ৪

৬৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, P(1, 6), Q(– 1, 1) ও R(3, 3)

PQ এর সমীকরণ, $\dfrac{x-1}{1+1} = \dfrac{y-6}{6-1}$

বা, $\dfrac{x-1}{2} = \dfrac{y-6}{5}$

বা, $5x - 5 = 2y - 12$

$\therefore$ $5x - 2y + 7 = 0$ **(Ans.)**

PR এর সমীকরণ, $\dfrac{x-1}{1-3} = \dfrac{y-6}{6-3}$

বা, $\dfrac{x-1}{-2} = \dfrac{y-6}{3}$

বা, $3x - 3 = -2y + 12$

$\therefore$ $3x + 2y - 15 =$ **(Ans.)**

খ PQ এর দৈর্ঘ্য $= \sqrt{(1+1)^2 + (6-1)^2} = \sqrt{4+25} = \sqrt{29}$

PR এর দৈর্ঘ্য $= \sqrt{(1-3)^2 + (6-3)^2}$
$= \sqrt{4+9} = \sqrt{13}$

QR এর দৈর্ঘ্য $= \sqrt{(3+1)^2 + (3-1)^2}$
$= \sqrt{16+4} = \sqrt{20}$

$\therefore$ ΔPQR এর ক্ষেত্রফল $= \dfrac{1}{2}\begin{vmatrix} 1 & -1 & 3 & 1 \\ 6 & 1 & 3 & 6 \end{vmatrix}$

$= \dfrac{1}{2}(1 - 3 + 18 + 6 - 3 - 3)$

$= \dfrac{1}{2} \times 16$

$= 8$ বর্গ একক **(Ans.)**

গ সৃজনশীল ২(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৫

প্রশ্ন ▶৬৪ ABCD একটি সামান্তরিক যার কর্ণদ্বয় AC ও BD. *[গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, কুমিল্লা]*

ক. $\overrightarrow{AC}$, $\overrightarrow{BD}$ ভেক্টরদ্বয়কে $\overrightarrow{AB}$ এবং $\overrightarrow{AD}$ ভেক্টরদ্বয়ের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, প্রদত্ত কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে। ৪

গ. AB ও CD বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P ও Q. প্রমাণ কর যে, APQD একটি সামান্তরিক। ৪

৬৪ নং প্রশ্নের সমাধান

ক



ΔABC এ ভেক্টরের ত্রিভুজ সূত্র প্রয়োগ করে,

$\overrightarrow{AC} = \overrightarrow{AB} + \overrightarrow{BC}$

$\therefore \overrightarrow{AC} = \overrightarrow{AB} + \overrightarrow{AD}$ [□ সামান্তরিকের ক্ষেত্রে $\overrightarrow{AD} = \overrightarrow{BC}$]

আবার, ΔABD এ ভেক্টরের ত্রিভুজ সূত্র প্রয়োগ করে,

$\overrightarrow{BD} = \overrightarrow{AD} - \overrightarrow{AB}$

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৪

গ



AB ও CD এর মধ্যবিন্দু P ও Q যোগ করি। ধরি, APQD চতুর্ভুজের কর্ণ $\overrightarrow{AQ}$ এবং $\overrightarrow{DP}$

$\overrightarrow{AO'} = \overrightarrow{O'Q}$ [□ O′, AQ এর মধ্যবিন্দু]

$\overrightarrow{O'P} = \overrightarrow{DO'}$ [□ O′, DP এর মধ্যবিন্দু]

এখন, $\overrightarrow{DQ} = \overrightarrow{DO'} + \overrightarrow{O'Q}$ [ত্রিভুজ বিধি]

বা, $\overrightarrow{DQ} = \overrightarrow{O'P} + \overrightarrow{AO'}$

বা, $\overrightarrow{DQ} = \overrightarrow{AO'} + \overrightarrow{O'P}$ [□ $\underline{a} + \underline{b} = \underline{b} + \underline{a}$]

$\therefore \overrightarrow{DQ} = \overrightarrow{AP}$ [ত্রিভুজ বিধি, $\overrightarrow{AP} = \overrightarrow{AO'} + \overrightarrow{OP'}$]

$\therefore$ DQ = AP এবং $\overrightarrow{DQ}$ ও $\overrightarrow{AP}$ এর ধারক একই বা সমান্তরাল হবে।

স্পষ্টত এখানে $\overrightarrow{DQ}$ ও $\overrightarrow{AP}$ এর ধারক ভিন্ন। অর্থাৎ $AP \parallel DQ$

$\therefore$ APQD একটি সামান্তরিক। **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৬৫ ΔABC এর পরিকেন্দ্র S, লম্ববিন্দু O এবং ভরকেন্দ্র G। *[নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]*

ক. পরিকেন্দ্র ও লম্ববিন্দু কাকে বলে লিখ। ২

খ. প্রমাণ কর যে, পরিকেন্দ্র, লম্ববিন্দু ও ভরকেন্দ্র একই সরলরেখায় অবস্থিত। ৪

গ. যদি ΔABC এর AB এবং AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D এবং E হয় তবে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $DE = \frac{1}{2}BC$ এবং $DE \parallel BC$. ৪

৬৫ নং প্রশ্নের সমাধান

ক **পরিকেন্দ্র:** ত্রিভুজের যেকোনো দুই বাহুর লম্ব-সমদ্বিখণ্ডক যে বিন্দুতে ছেদ করে তাকে ত্রিভুজের পরিকেন্দ্র বলে।

লম্ববিন্দু : ত্রিভুজের শীর্ষবিন্দুগুলো হতে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বগুলো যে বিন্দুতে ছেদ করে তাকে লম্ববিন্দু বলে।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৩.২ এর উপপাদ্য-৩.১০ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৭২

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

প্রশ্ন ▶৬৬ ABC ত্রিভুজে AB = AC = 6 সে.মি. এবং ভূমি BC = 5 সে.মি.। *[কুমিল্লা মডার্ণ হাই স্কুল, কুমিল্লা]*

ক. ত্রিভুজটি আঁক। ২

খ. অঙ্কনের বিবরণসহ ত্রিভুজটির পরিবৃত্ত আঁক। ৪

গ. AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে M ও N হলে, ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, $MN \parallel BC$ এবং $MN = \frac{1}{2}BC$। ৪

৬৬ নং প্রশ্নের সমাধান

ক



ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ, যার ভূমি BC = 5 সে.মি. এবং সমান সমান বাহুদ্বয় AB = AC = 6 সে.মি.।

খ



বিশেষ নির্বচন: ABC ত্রিভুজটির পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষ A, B ও C দিয়ে যায়।

অঙ্কনের বিবরণ:

ধাপ ১: AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখন্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

ধাপ ২: A, O যোগ করি। O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই ΔABC এর নির্ণেয় পরিবৃত্ত।

গ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ এর অনুরূপ। পৃষ্ঠা-২৬৩

প্রশ্ন ▶৬৭ P(8, 3), Q(3, 8) এবং R(– 2, 3) বিন্দু তিনটি একটি ত্রিভুজের শীর্ষবিন্দু। ST রেখা PQ এবং PR কে মধ্যবিন্দুতে ছেদ করে।

[আল-আমিন একাডেমি স্কুল এন্ড কলেজ, চাঁদপুর]

ক. PR এর ঢাল নির্ণয় কর। ২

খ. দেখাও যে, PQR সমদ্বিবাহু ত্রিভুজ এবং এর ক্ষেত্রফল 25 বর্গ একক। ৪

গ. ভেক্টর এর সাহায্যে দেখাও যে, ST || QR এবং $ST = \frac{1}{2} QR$। ৪

৬৭ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, P ও R বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (8, 3) ও (–2, 3)

$\therefore$ PR রেখার ঢাল $= \frac{3-3}{-2-8} = \frac{0}{-10} = 0$ **(Ans.)**

খ সৃজনশীল ১১(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৯

গ সৃজনশীল ১০(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৯

প্রশ্ন ▶৬৮



[ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়]

চিত্রে D এবং E যথাক্রমে AB এবং AC-এর মধ্যবিন্দু।

ক. $\vec{AD} + \vec{DE}$ কে $\vec{AC}$ ভেক্টরের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, DE || BC এবং $DE = \frac{1}{2} BC$ ৪

গ. এমন একটি বৃত্ত অঙ্কন কর যা ABC বৃত্তের নির্দিষ্ট বিন্দুতে স্পর্শ করে এবং বৃত্তটির বহিঃস্থ কোন বিন্দু দিয়ে যায়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যক] ৪

৬৮ নং প্রশ্নের সমাধান

ক যেহেতু D, AB এর মধ্যবিন্দু। সুতরাং $\vec{AD} = \frac{1}{2}\vec{AB}$ এবং E, AC এর মধ্যবিন্দু অর্থাৎ $\vec{AE} = \frac{1}{2}\vec{AC}$

ΔADE-এ, $\vec{AD} + \vec{DE} = \vec{AE} = \frac{1}{2}\vec{AC}$ **(Ans.)**

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৩

গ পাঠ্যবইয়ের অধ্যায়-৪ এর সম্পাদ্য-৭ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৮৬

প্রশ্ন ▶৬৯ ΔABC এর AB এবং AC এর মধ্যবিন্দু যথাক্রমে D ও E



[লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর]

ক. $\vec{AD} + \vec{DE}$ কে $\vec{AC}$ এর মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, DE || BC এবং $DE = \frac{1}{2} BC$. ৪

গ. BCED ট্রাপিজিয়ামের কর্ণদ্বয়ের মধ্যবিন্দু যথাক্রমে M ও N হলে ভেক্টরের সাহায্যে প্রমাণ কর যে, MN || DE || BC এবং $MN = \frac{1}{2}(BC - DE)$ ৪

৬৯ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ৬৮(ক) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৪৯

খ পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২৬৩

গ সৃজনশীল ২০(গ) নং সমাধান অনুরূপ। পৃষ্ঠা-২৩৪
[**বি. দ্র.** P, Q, R, F ও G এর পরিবর্তে যথাক্রমে A, B, C, M ও N হবে।]

প্রশ্ন ▶৭০ একটি ত্রিভুজের শীর্ষত্রয় A(2, –4), B(– 4, 4), C(3, 3)

[নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী]

ক. BC এর ঢাল নির্ণয় কর। ২

খ. দেখাও যে, ত্রিভুজটি একটি সমদ্বিবাহু ত্রিভুজ। ৪

গ. ত্রিভুজের AB ও AC বাহুদ্বয়ের মধ্যবিন্দু D ও E হলে ভেক্টরের মাধ্যমে প্রমাণ কর যে, DE || BC এবং $DE = \frac{1}{2} BC$. ৪

৭০ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,
B ও C বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (– 4, 4) ও (3, 3)

$\therefore$ BC রেখার ঢাল $= \frac{3-4}{3-(-4)} = \frac{-1}{7}$ **(Ans.)**

খ দেওয়া আছে, ABC ত্রিভুজের শীর্ষত্রয় A(2, –4), B(– 4, 4) এবং C(3, 3)

AB বাহুর দৈর্ঘ্য $= \sqrt{(2+4)^2 + (-4-4)^2} = \sqrt{36+64} = \sqrt{100} = 10$

BC ,, ,, $= \sqrt{(-4-3)^2 + (4-3)^2} = \sqrt{49+1} = \sqrt{50}$

AC ,, ,, $= \sqrt{(2-3)^2 + (-4-3)^2} = \sqrt{1+49} = \sqrt{50}$

যেহেতু BC বাহুর দৈর্ঘ্য = AC বাহুর দৈর্ঘ্য

$\therefore$ ABC ত্রিভুজটি সমদ্বিবাহু। **(দেখানো হলো)**

গ উচ্চতর গণিত পাঠ্যবইয়ের অধ্যায়-১২ এর উদাহরণ-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২৬৩

প্রশ্ন ▶৭১ একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু যথাক্রমে A(7, 2), B(–4, 2), C(–4, –3) এবং D(7, –3), P, Q, R, S যথাক্রমে AB, BC, CD এবং DA বাহুগুলোর মধ্যবিন্দু।

[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]

ক. AC সরলরেখার সমীকরণ নির্ণয় কর। ২

খ. ABCD চতুর্ভুজটি সামান্তরিক না আয়ত না নির্ণয় কর। ৪

গ. ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQRS একটি সামান্তরিক। ৪

৭১ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল প্রশ্ন-৪ নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২২৬

প্রশ্ন ▶ ৭২ ABCD চতুর্ভুজের A, B, C ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে (1, 1), (5, 2), (6, 5) ও (2, 6)। *[ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]*

ক. B ও C বিন্দুগামী রেখার ঢাল নির্ণয় কর। ২

খ. AC ও BD কর্ণের ছেদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। ৪

গ. AB, BC, CD ও AD এর মধ্যবিন্দু যথাক্রমে E, F, G, H হলে, ভেক্টর পদ্ধতিতে প্রকাশ কর যে, EFGH চতুর্ভুজটি সামান্তরিক। ৪

৭২ নং প্রশ্নের সমাধান

ক B(5, 2) ও C(6, 5) বিন্দুদ্বয়গামী রেখার ঢাল $= \frac{5-2}{6-5} = \frac{3}{1} = 3$ **(Ans.)**

খ দেওয়া আছে, A(1, 1), B(5, 2), C(6, 5) ও D(2, 6)

AC সরলরেখার সমীকরণ, $\frac{x-6}{6-1} = \frac{y-5}{5-1}$

বা, $\frac{x-6}{5} = \frac{y-5}{4}$

বা, $4x - 24 = 5y - 25$

$\therefore 4x - 5y + 1 = 0$ ... ... (i)

BD সরলরেখার সমীকরণ: $\frac{x-5}{5-2} = \frac{y-2}{2-6}$

বা, $\frac{x-5}{3} = \frac{y-2}{-4}$

বা, $3y - 6 = -4x + 20$

$\therefore 4x + 3y - 26 = 0$ ... ... (ii)

(i) ও (ii) নং এ আড়গুণন পদ্ধতি প্রয়োগ করে পাই,

$\frac{x}{130-3} = \frac{y}{4+104} = \frac{1}{12+20}$

বা, $\frac{x}{127} = \frac{y}{108} = \frac{1}{32}$

$\therefore \frac{x}{127} = \frac{1}{32}$ এবং $\frac{y}{108} = \frac{1}{32}$

$\therefore x = \frac{127}{32}$ বা, $y = \frac{108}{32}$ $\therefore y = \frac{27}{8}$

$\therefore$ AC ও BD কর্ণদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{127}{32}, \frac{27}{8}\right)$ **(Ans.)**

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-১২ এর উদাহরণ-৫ এর অনুরূপ। পৃষ্ঠা-২৬৫

প্রশ্ন ▶ ৭৩ A(6, 0), B(0, 6), C(– 6, 0) এবং D(0, – 6) একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু। *[ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম]*

ক. AB এবং BC রেখার ঢাল কত? ২

খ. দেখাও যে, প্রদত্ত বিন্দুগুলো একটি বর্গক্ষেত্রের চারটি শীর্ষবিন্দু। ৪

